## আধপোড়া কাফ সিরাপের বোতল উদ্ধার

**তপন, ৯ মার্চ :** মাদক পাচারের অভিযোগে ধৃত প্রাক্তন পঞ্চায়েত সদস্যের স্বামী রঞ্জিত মণ্ডলের পরিত্যক্ত হ্যাচারি থেকে এবার মিলল আধপোড়া কাফ সিরাপের বোতল। ঘটনায় ফের ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে তপন থানার হারদিঘি গ্রামে।

শনিবার তপন থানার হারদিঘির বাসিন্দা রঞ্জিতের গোডাউন থেকে প্রায় ১৮ লক্ষ টাকার কাফ সিরাপ উদ্ধার করে পুলিশ। সেই সঙ্গে রঞ্জিতকে গ্রেপ্তার করে। এদিন তপন থানার পুলিশ রঞ্জিতকে বালুরঘাট জেলা আদালতে পাঠালে বিচারক তিনদিনের পুলিশি হেপাজতের নির্দেশ দেন।

এরই মধ্যে রবিবার রঞ্জিতের মকদমপুর গ্রামের বাড়ির পাশে পরিত্যক্ত হ্যাচারিতে আধপোড়া অবস্থায় কাফ সিরাপ পড়ে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় তপন থানার পুলিশ। সেইসঙ্গে আসেন বিএসএফের জওয়ানরাও।

তপন থানার আইসি জনমারি ভিয়ান্নে লেপচা বলেন, 'কাফ সিরাপের কিছু পোড়া বোতল উদ্ধার করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।'

## গৃহবধূর শ্লীলতাহানি কুমারগঞ্জে

**কুমারগঞ্জ, ৯ মার্চ :** কুমারগঞ্জে এক গৃহবধূর শ্লীলতাহানির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। অভিযুক্ত তিনজনের নামে থানায় লিখিত অভিযোগ করেছেন নির্যাতিতা মহিলা। এরপরেই ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

কয়েকদিন আগে ওই বধূকে অকথ্য ভাষায় গালিগালাজ করার অভিযোগ ওঠে এক প্রতিবেশী সহ তাঁর দুই সঙ্গীর বিরুদ্ধে। প্রতিবাদ করলে অভিযুক্ত ও তাঁর সহযোগীরা ওই বধূকে হেনস্তা করার পাশাপাশি শ্লীলতাহানি করেন বলে অভিযোগ। তাঁর চিৎকারে এক প্রতিবেশী বাঁচাতে গেলে আক্রান্ত হতে হয় তাঁকেও।

স্থানীয়ভাবে সালিশি সভার মাধ্যমে বিষয়টি মীমাংসার চেষ্টা করা হয়। তবে অভিযুক্তরা সালিশি সভাতে উপস্থিত হননি। ফলে নির্যাতিতা কুমারগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু হয়েছে।

## কন্যাসন্তান জন্মে বধূ নির্যাতনের অভিযোগ

**পতিরাম, ৯ মার্চ :** কুমারগঞ্জের একটি গ্রামের দাম্পত্যজীবন সংকটের মুখে। কন্যাসন্তান জন্ম দেওয়ার অপরাধে শ্বশুরবাড়ির লোকজন গৃহবধূর ওপর নির্যাতন চালিয়ে যাচ্ছেন বলে অভিযোগ। ঘটনার পরেই স্বামী সহ মোট তিনজনের বিরুদ্ধে শনিবার পতিরাম থানায় লিখিত অভিযোগ দায়ের করেন ওই বধূ।

প্রায় বছর চারেক আগে ওই তরুণীর বিয়ে হয়। বিয়ের এক বছর পরেই তিনি একটি কন্যাসন্তানের জন্ম দেন। অভিযোগ, কন্যাসন্তান জন্ম দেওয়ার কারণে তাঁকে অপরাধী হিসেবে দোষারোপ করতে থাকেন স্বামী ও শ্বশুরবাড়ির লোকজন। এরপর ক্রমশ বাড়তে থাকে শারীরিক ও মানসিক অত্যাচার। প্রায় সাত মাস আগে স্ত্রী ও কন্যাসন্তানকে রেখে ওই ব্যক্তি কলকাতায় চলে যান। স্বামী চলে যাওয়ার পর শ্বশুরবাড়ি থেকে ওই বধূকে তাড়িয়ে দেওয়ার অভিযোগ ওঠে। এরপরও স্বামীর বাড়ি ফিরে যেতে চাইলে তাঁকে একাধিকবার বাধা দেওয়া হয়। নিরুপায় হয়ে শনিবার তিনি পতিরাম থানায় স্বামী সহ তিনজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।



মুখা নাচের প্রস্তুতি। রবিবার বালুরঘাটের বাদামাইলে। - অভিজিৎ সরকার

### শ্রাদ্ধবাড়িতে এসে দুর্ঘটনার শিকার

# টোটোর চাকায় পিষ্ট শিশু

**রূপক সরকার**

**বালুরঘাট, ৯ মার্চ :** আত্মীয়ের শ্রাদ্ধানুষ্ঠানে এসে টোটোর চাকায় পিষ্ট হয়ে মৃত্যু হল চার বছরের এক শিশুর। রবিবার তপন থানার চকসাথিহার গ্রামের এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। দেহটি ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানোর পাশাপাশি পুরো ঘটনা খতিয়ে দেখছে পুলিশ। চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

মৃত শিশুর নাম অনুপ কিসকু। তপন থানার আউটিনা গ্রাম পঞ্চায়েতের পানলাহারে তার বাড়ি। শ্রাদ্ধানুষ্ঠানে যোগ দেওয়ার জন্য দিদার সঙ্গে চকসাথিহার গ্রামে গিয়েছিল সে। এদিন তার মা, বাবার আসার কথা ছিল। তার আগে সকালে এলাকারই এক বন্ধুর সঙ্গে রাস্তা পারাপার হচ্ছিল অনুপ। সেইসময় বালুরঘাটগামী একটি টোটো তাদের ধাক্কা মারে। বন্ধুটি অল্পের জন্য রক্ষা পেলেও যাত্রীভর্তি টোটোর চাকায় পিষ্ট হয় অনুপ। তার মাথায় আঘাত লাগে। তড়িঘড়ি তাকে বালুরঘাট জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

এদিকে মৃত শিশুর পরিবারের লোকজন হাসপাতালে ভিড় করতে শুরু করলে উত্তেজনা ছড়ায়। পুলিশ গিয়ে পরিস্থিতি শন্ত করে। পরে ঘাতক টোটোচালক জুয়েল সরকারকে আটক করেছে। তার বাড়ি তপনের দাঁড়ালে।

স্থানীয় বাসিন্দা বিজয় মুর্মু বলেন,'যাত্রী ভর্তি টোটোটি খুব দ্রুতগতিতে ছিল। নিয়ন্ত্রণ হারিয়ে ফেলার কারণে এই দুর্ঘটনা ঘটেছে।' অভিযুক্ত টোটোচালক জুয়েলের বক্তব্য,কীভাবে দুর্ঘটনা ঘটল, তা বুঝতে পারছি না। ঘটনার পর শিশুটিকে হাসপাতালে নিয়ে যাওয়ার চেষ্টা করেছিলাম। কিন্তু স্থানীয়রা তাকে বাইকে করে নিয়ে যান। পরে তাদের বাড়ির লোকেদের আমিই হাসপাতালে নিয়ে গিয়েছিলাম।'



হাসপাতালে শোকার্ত মৃত শিশুর মা। রবিবার বালুরঘাটে। - সংবাদচিত্র

# গ্রামে মাধ্যমিক স্কুল তৈরির উদ্যোগ নিতাম

**রায়গঞ্জ ব্লকের ১৪টি অঞ্চলের মধ্যে অন্যতম বীরঘই। রাজ্যে বামেরা ক্ষমতায় আসার পর দীর্ঘদিন এই পঞ্চায়েত তাদের দখলে ছিল। পরবর্তীতে কখনও কংগ্রেস, কখনও বিজেপি ও কখনও তৃণমূল দখল করে। বর্তমানে পঞ্চায়েতে ক্ষমতায় বিজেপি। বিরোধী দলনেত্রী তৃণমূলের মঞ্জু মণ্ডল। তিনি প্রধান হলে কী কী করতেন?**

পেতাম যদি সিংহাসন

**দীপঙ্কর মিত্র**



মঞ্জু মণ্ডল

রায়গঞ্জ, ৯ মার্চ : আমি প্রধান হলে যেসব অঞ্চলের রাস্তা বেহাল এবং যেসব জায়গায় পানীয় জল পৌঁছায়নি, সেসব বেহাল রাস্তার সংস্কার করতাম। চেষ্টা করতাম পানীয় জলের সমস্যা দূর করতে। রাস্তাগুলির মান নিয়ে গ্রামবাসীরা প্রশ্ন তোলেন। এ ক্ষেত্রে আমি ঠিকাদারদের শিডিউল মেনে কাজ করার ব্যাপারে কড়া পদক্ষেপ নিতাম। পানীয় জলপ্রকল্পে কোটি কোটি টাকা বরাদ্দ হলেও গ্রামগুলিতে বাড়ি বাড়ি জল পৌঁছায়নি। অধিকাংশ জলের লাইন বেহাল হয়ে পড়ে রয়েছে। সোলার পাম্পগুলিও অকেজো। পানীয় জলের সমস্যা মেটাতে শূন্য সহনশীল (জিরো টলারেন্স) নীতি গ্রহণ করতাম।

রাস্তার পাশাপাশি অঞ্চলের পুরোনো বহু হাটের অবস্থাও বেহাল। বর্ষা ও শীতে হাট ব্যবসায়ী, ক্রেতারা রীতিমতো সমস্যায় পড়েন। অথচ রায়গঞ্জ ব্লকের হাজার মানুষ হাটে বেচাকেনার সঙ্গে যুক্ত। তাদের কথা চিন্তা করে হাটগুলির সংস্কার করতাম। স্কুলের পড়াশোনার মানে অভিভাবকেরা সন্তুষ্ট নয়। বিদ্যালয়গুলিতে নিয়মিত পঠনপাঠনের ব্যাপারে যথেষ্ট জোর দিতাম। পাশাপাশি এই অঞ্চলে একটি মাধ্যমিক স্কুল তৈরির উদ্যোগ নিতাম।

কর্মসংস্থানের অভাব রয়েছে। কাজের অভাবে গ্রামাঞ্চলে বহু শিক্ষিত ছেলেমেয়ে বিপথে চলে যাচ্ছে। তারা যাতে কাজ পায়, তার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতাম। চাকরি পরীক্ষার জন্য কোচিংয়ের ব্যবস্থা করতাম। স্কুল ও কলেজের ছেলেমেয়েদের পঠনপাঠনে সুবিধার জন্য লাইব্রেরি তৈরির উদ্যোগ নিতাম। এছাড়াও আমার চেষ্টা থাকত গ্রন্থাগারে ছাত্রছাত্রীদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা করা।

আরও একটা উদ্বেগের বিষয় রয়েছে। রায়গঞ্জ ব্লকের বিভিন্ন গ্রাম নেশার স্বর্গরাজ্য হয়ে উঠেছে। বাদ নেই বীরঘই। স্কুল-কলেজের ছেলেমেয়েরা, দিন আনি দিন খাই মানুষগুলো নেশার অন্ধকারে ডুবে যাচ্ছে। এই নিয়ে প্রায় বাড়িতে অশান্তি। ছেলেরা নেশার টাকা জোগাড় করতে বাড়ির সম্পত্তি পর্যন্ত বিক্রি করে দিচ্ছে। নিঃস্ব হচ্ছে তাদের পরিবার। মাদকে আসক্তদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে আপ্রাণ চেষ্টা করতাম। কারণ ছাত্র-যুবসমাজকে নেশার হাত থেকে বাঁচাতে পারলে অসামাজিক কাজকর্ম কমবে। এজন্য নিয়মিত তাদের কাউন্সেলিং, কর্মসংস্থান ভিত্তিক প্রশিক্ষণ, খেলাধুলার ব্যবস্থা করতাম। আর যারা গ্রামে নেশার সামগ্রী ঢুকিয়ে পরিবেশ বিষময় করে তুলেছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য মানুষকে নিয়ে নজরদারি দল গঠন করতাম। আমার বিশ্বাস, আমি সাফল্য পেতাম।

**একনজরে**

- ২৮টি সংসদ নিয়ে বীরঘই পঞ্চায়েত
- গত পঞ্চায়েত নির্বাচনে বিজেপি ১৫টি, তৃণমূল ১৩টি, কংগ্রেস ও সিপিএম একটি করে আসনে জয়লাভ করে
- জনসংখ্যা ৩৮ হাজার
- মূল সমস্যা পানীয় জলের অভাব ও মাদকাসক্তের সংখ্যা বেড়ে যাওয়া

## পারিবারিক জমি নিয়ে বিবাদে গ্রেপ্তার দুই

**কুশমণ্ডি, ৯ মার্চ :** পারিবারিক জমির দখল নিয়ে গণ্ডগোলের জেরে উত্তেজনা ছড়াল কুশমণ্ডি থানার পইনালা গ্রামে। দুই পরিবারের বিবাদে এক তরুণ ও তাঁর স্ত্রী আহত হন। ঘটনার পরিপ্রেক্ষিতে লিখিত অভিযোগ দায়ের করা হলে পুলিশ দুইজনকে গ্রেপ্তার করেছে। ধৃত আবদুল সালাম (২৭) ও মাইজার রহমানকে (২৫) রবিবার গঙ্গারামপুর মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারপতি।

অভিযুক্ত দু'জনের বাড়ি পইনালা গ্রামে। দীর্ঘদিন ধরে একটি জমি নিয়ে দুই পরিবারের বিবাদ চলছিল। শনিবার সকালে ট্র্যাক্টর নিয়ে জমিতে চাষ করতে যান আবদুল সালাম ও মাইজার রহমান। তখনই অপরপক্ষ বাধা দিলে ঝামেলা শুরু হয়ে যায়। প্রথমে চিৎকার চ্যাঁচামেচি করলেও পরে হাতাহাতিতে জড়িয়ে পড়ে উভয়পক্ষ। আহত হন আবুল হোসেন ও তাঁর স্ত্রী জাহানারা বেগম সহ আবদুল গোলাম নামের ওই পরিবারের আরেক সদস্য। আবদুল গোলামকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। কুশমণ্ডি গ্রামীণ হাসপাতালে চিকিৎসার পর আবুল হোসেন ও তাঁর স্ত্রী জাহানারা বেগমকে গঙ্গারামপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। শনিবার সন্ধ্যায় উভয়পক্ষ লিখিত অভিযোগ করেন।

আইসি তরুণ সাহা জানান,'শনিবার সকালে পইনালা গ্রামে জমির বিবাদে আবদুল সালাম ও মাইজার রহমানকে গ্রেপ্তার করা হয়। পুরো ঘটনার তদন্ত চলছে।'

# ১০ কিমি রাস্তা মরণফাঁদ, অবরোধ বৈরগাছিতে

**বরুণ মজুমদার**

**করণদিঘি, ৯ মার্চ :** রাস্তা তো নয়, যেন মরণফাঁদ। কোথাও পিচের চাদর উঠে গিয়েছে। কোথাও আবার বের হয়ে গিয়েছে কুচো পাথর। রাস্তার মাঝে তৈরি হয়েছে ছোট, বড় অসংখ্য গর্ত। করণদিঘি ব্লকের রসাখোয়া ১ গ্রাম পঞ্চায়েতের প্রাণনগর মোড় থেকে গোয়াগাঁও পর্যন্ত প্রায় ১০ কিমি পাকা রাস্তা চলাচলের অযোগ্য হয়ে পড়েছে বলে অভিযোগ। মাঝেমধ্যে দুর্ঘটনাও ঘটছে বেহাল রাস্তায়। অভিযোগ, সমস্যার কথা প্রশাসনের বিভিন্ন মহলে জানিয়েও কোনও সুরাহা হয়নি। প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে তাই রবিবার বৈরগাছিতে অবরোধ করলেন স্থানীয় বাসিন্দারা।

করণদিঘি ব্লকের রসাখোয়া -১ গ্রাম পঞ্চায়েত এলাকার প্রাণনগর মোড় থেকে গোয়াগাঁও পর্যন্ত প্রায় ১০ কিমি রাস্তা প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় নির্মাণ করা হয়েছিল বাম আমলে। তারপর থেকে একবারের জন্যও রাস্তা মেরামত হয়নি। সাধারণ মানুষের পাশাপাশি বহু বিশিষ্ট ব্যক্তি ও পঞ্চায়েত সমিতির সভাপতি নেহা আজম এই রাস্তা দিয়ে প্রতিদিন যাতায়াত করেন। তাঁদের নজরে পড়লেও রাস্তা সংস্কার আজ পর্যন্ত হয়নি। বৈরগাছির বাসিন্দা মহম্মদ হানিফের কথায়,'১৪টি গ্রামের বাসিন্দা এই রাস্তা দিয়ে যাতায়াত করে। প্রাণনগর মোড় থেকে গোয়াগাঁও মোড় পর্যন্ত ১০ কিমি রাস্তায় পিচের চাদর নেই।'

প্রাক্তন উপপ্রধান সৈয়ব রেজা আক্ষেপের সুরে বলেন, 'দিঘলগাঁও, বহিরগাছি, ছিপি, কাচন এলাকার ছাত্রদের যাতায়াতে সমস্যা হয়।'

স্থানীয় সিপিএম নেতা মোহনলাল সিংহের অভিযোগ,'বাম আমলে নির্মিত রাস্তাটি তৃণমূলের আমলে একবারের জন্যও সংস্কার করা হয়নি। ফলে দুর্ভোগ বেড়েছে সাধারণ মানুষের।'

উত্তর দিনাজপুর জেলা পরিষদের সভাধিপতি পম্পা পাল বলেন, 'স্থানীয় বিধায়ক গৌতম পাল, বিডিও ও জেলা পরিষদের নির্বাহী বাস্তুকার রাস্তাটি পরিদর্শন করেছেন। দ্রুত রাস্তা মেরামতের টেন্ডার সম্পন্ন করে কাজ শুরু হবে।'



করণদিঘির বৈরগাছিতে পথ অবরোধ স্থানীয় বাসিন্দাদের। - সংবাদচিত্র



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

হাসিমুখে কাজ।। আলিপুরদুয়ারের দমনপুর চা বাগানে ছবিটি তুলেছেন অনুপম চৌধুরী।

## নতুন স্পিডব্রেকার

**কুমারগঞ্জ, ৯ মার্চ :** কুমারগঞ্জের বিভিন্ন রাস্তায় থাকা স্পিডব্রেকারগুলো ভেঙে জরাজীর্ণ হয়ে গিয়েছিল। সম্প্রতি সেগুলো সরিয়ে মোহনা, সাহাপুকুর, ডাঙারহাট, সাফানগর সহ দশটি জায়গায় নতুন করে স্পিডব্রেকার বসানো হল। ট্রাফিক পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, গাড়ির গতি নিয়ন্ত্রণে আনতে এবং দুর্ঘটনা কমাতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

## রক্তদান শিবির

**বামনগোলা, ৯ মার্চ :** ঠাকুর তপোবন বিদ্যামন্দিরের উদ্যোগে পাকুয়াহাট সমবেত প্রয়াস ও সেন্ট জন অ্যাম্বুল্যান্স মালদা জেলা শাখার সহযোগিতায় অনুষ্ঠিত হল রক্তদান শিবির। ৫জন মহিলা সহ মোট ২১ জন শিবিরে রক্তদান করেন। উপস্থিত ছিলেন তপোবন বিদ্যামন্দিরের প্রধান শিক্ষক রতন মণ্ডল, পাকুয়াহাট সমবেত প্রয়াসের সম্পাদক বরুণ সরকার, সেন্ট জন অ্যাম্বুল্যান্সের মালদা শাখার সম্পাদক সৌমিত্র সরকার প্রমুখ।

# বাংলা ছোটগল্পের সম্প্রীতি নিয়ে গবেষণায় ডি-লিট

**সৌকর্য সোম**

**মালদা, ৯ মার্চ :** গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপক আবদুল রহিম গাজি 'বাংলা ছোটগল্পে সম্প্রীতি সাধনা' বিষয়ের ওপর ডিলিট উপাধি পেলেন। শুক্রবার রাঁচি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাজ্যপাল সন্তোষকুমার গাঙ্গওয়ারের হাত থেকে তিনি এই উপাধি পান। অধ্যাপক সুব্রতকুমার পালের তত্ত্বাবধানে তিনি গবেষণা করেন। তিনি বর্তমানে কলকাতার আলিয়া বিশ্ববিদ্যালয়ে কর্মরত।

আবদুর রহিম গাজি জানান, 'দীর্ঘ আট বছরের নিরলস পরিশ্রম ও অধ্যবসায়ের ফসল এই গবেষণাকর্ম। আমি নিজে ১২ জন গবেষককে পিএইচডি ও তিনজনকে এমফিলের কাজ করিয়েছি। বাংলার লোকসাহিত্য ও লোকসংস্কৃতি আমার প্রিয় বিষয় হলেও ছোটগল্পকেই এই ক্ষেত্রে আমি বেছে নিয়েছি। দুই বাংলার ৩০০ জন লেখকের ৫০০ টি ছোটগল্পের ওপর কাজ করেছি। গবেষণাকে আমার অন্যতম নেশা এবং পেশা হিসাবে দেখি। এর মধ্যেই সবসময় ডুবে থাকতে আমার ভালো লাগে। বিশ্ববিদ্যালয় আমার কাছে সাধনার জায়গা। আলিয়া বিশ্ববিদ্যালয়ের সকল অধ্যাপকের মধ্যে আমি প্রথম এই সম্মান পেলাম।'

তত্ত্বাবধায়ক সুব্রতকুমার পাল বলেন, 'ছোটগল্পের সম্প্রীতি ও ভাবনা নিয়ে কাজ আজকের দিনে খুবই উপযুক্ত একটা বিষয়। দুই বাংলা গল্প নিয়ে কাজ খুব কম হয়েছে। এমনকি পশ্চিমবঙ্গের বাইরেও ঝাড়খণ্ডের ছোটগল্প রয়েছে তালিকায়। আজকের দিনে খুবই উপযুক্ত কাজ হয়েছে।'

গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের সহকর্মী সৌরেন বন্দ্যোপাধ্যায়ের কথায়, 'আমার প্রাক্তন সহকর্মীর এই প্রয়াসের কথা শুনে আমি খুব খুশি ও আনন্দিত হয়েছি। তাঁকে আগামীর জন্য অনেক শুভেচ্ছা ও অভিনন্দন।'



আবদুর রহিম গাজি। - সংবাদচিত্র

## বাঁধের নির্মাণ দ্রুত শেষ করতে বার্তা সাবিত্রীর

**মানিকচক, ৯ মার্চ :** শুখা মরশুমেই শেষ করতে হবে বাঁধ নির্মাণের কাজ। ভাঙনে ভিটেমাটি হারা পরিবারদের জন্য করতে হবে পুনর্বাসনের ব্যবস্থা। সেচ দপ্তরের সঙ্গে শনিবার বৈঠকে বসে একথা সাফ জানিয়ে দিলেন মানিকচকের বিধায়ক সাবিত্রী মিত্র।

মাত্র কয়েক মাসে ভূতনির বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। পরপর দুবার বন্যার কবলে পড়েন এলাকার বাসিন্দারা। এই বছরের বন্যায় বাঁধ আরও ক্ষতিগ্রস্ত হয়। প্রায় ১০০ মিটার নিশ্চিহ্ন বাঁধ। কাজের দাবিতে সরব হন ভূতনির ভাঙন পীড়িত মানুষ। শেষমেশ নতুন করে বাঁধ নির্মাণে উদ্যোগ গ্রহণ করে সেচ দপ্তর। প্রায় ২.৪ কিলোমিটার বাঁধ নির্মাণের জন্য বরাদ্দ হয় ছয় কোটি ১০ লক্ষ টাকা। আর সেই বাঁধ নির্মাণকে কেন্দ্র করে শনিবার মানিকচক ব্লক প্রশাসনিক ভবনে বৈঠকের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক সাবিত্রী মিত্র, মালদা জেলা সদর মহকুমা শাসক পঙ্কজ তামাং, মানিকচকের বিডিও অনুপ চক্রবর্তী সহ মালদা জেলা সেচ দপ্তরের আধিকারিকরা। প্রায় এক ঘণ্টা ধরে চলা বৈঠকে কাজের রূপরেখা নিয়ে আলোচনা হয়। বিধায়ক সাবিত্রী মিত্র বলেন, 'বন্যার পর থেকেই বাঁধ নির্মাণে তৎপর হন মুখ্যমন্ত্রী। নতুন বাঁধের জন্য ইতিমধ্যে প্রায় ৬ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।'

# রেকর্ড মধু উৎপাদনের সম্ভাবনা গৌড়বঙ্গে

**সিদ্ধার্থশংকর সরকার**

**পুরাতন মালদা, ৯ মার্চ :** আবহাওয়া অনুকূলে থাকায় এবছর গৌড়বঙ্গে রেকর্ড পরিমাণে মধু উৎপাদনের সম্ভাবনা রয়েছে। চলতি মরশুমে সর্ষের ফুল থেকে প্রচুর পরিমাণে মধু আমদানি করেছেন মৌ পালকরা। ইতিমধ্যে লিচুর ফুলের মধুও সংগ্রহ শুরু করা হয়েছে। স্বাভাবিকভাবেই ব্যাপক পরিমাণে মধুর উৎপাদন হবে বলে আশা করা হচ্ছে।

মালদা বি কিপিং ও হানি প্রসেসিং ক্লাস্টার ইন্ডাস্ট্রিয়াল কোঅপারেটিভ সোসাইটির কর্মকর্তারা উৎপাদন নিয়ে আশাবাদী। সংস্থার তরফে জানানো হয়েছে, এবছর প্রায় তিন হাজার মেট্রিক টন বা তারও বেশি মধু উৎপাদনের সম্ভাবনা রয়েছে।

সংস্থার ম্যানেজার প্রসেনজিৎ পাহাড়িয়া বলেন, 'এবছর মধু উৎপাদনের জন্য আবহাওয়া অনুকূলে ছিল। শীতে ঘন কুয়াশা তেমন লক্ষ করা যায়নি। আমরা ইতিমধ্যে দু'হাজার মেট্রিক টনের বেশি মধু সংগ্রহ করে ফেলেছি। সবগুলোই সর্ষের ফুলের মধু। লিচুর মধু সংগ্রহের প্রক্রিয়া চলছে। লিচুর মধু উৎপাদন জুড়ে দিলে আমাদের সম্ভাবনা ছাপিয়ে যাবে।'

মৌ পালকরা জানান, সর্ষে ফুল ফোটার সঙ্গে সঙ্গেই তাঁরা মৌমাছির বাক্স স্থাপন করেছিলেন। আকাশ পরিষ্কার থাকায় নির্বিঘ্নে মধু সংগ্রহ করা গিয়েছে।

মালদার পাশাপাশি গৌড়বঙ্গের উত্তর ও দক্ষিণ দিনাজপুর সহ প্রতিবেশী রাজ্য বিহার, অসম এবং ঝাড়খণ্ডেও মধু সংগ্রহ করা হয়ে থাকে।



মালদার কাদিরপুরের মধু সংগ্রহকারী এক বাসিন্দা সুজিত রায় বলেন,'এই মধু সংগ্রহের বেশিরভাগ উৎস হচ্ছে সর্ষের জমি। শীতের শুরু থেকেই আবহাওয়া অনুকূল থাকায় মধু সংগ্রহে কোনও প্রতিকূলতা লক্ষ করা যায়নি।'

ললিত মণ্ডল নামে আরেক মধুচাষির বক্তব্য, 'উৎপাদিত মধুর বেশিরভাগই পঞ্জাবে পাঠানো হয়। সেখান থেকে আমেরিকা, ইউরোপ এবং আরব দেশে রপ্তানি করা হয়। মালদা জেলার পাশাপাশি অন্যান্য জায়গাতে মধু সংগ্রহ ব্যাপক পরিমাণে হয়েছে। জেলার মধু প্রসেসিং করে বিদেশে পাঠানো হয়। এটা আমাদের গর্ব।'

> উৎপাদিত মধুর বেশিরভাগই পঞ্জাবে পাঠানো হয়। সেখান থেকে আমেরিকা, ইউরোপ এবং আরব দেশে রপ্তানি করা হয়। মালদা জেলার পাশাপাশি অন্যান্য জায়গাতে মধু সংগ্রহ ব্যাপক পরিমাণে হয়েছে। জেলার মধু প্রসেসিং করে বিদেশে পাঠানো হয়। এটা আমাদের গর্ব।
>
> **ললিত মণ্ডল, মধুচাষি**

# ভাইয়ে-ভাইয়ে বিবাদে মাথা ফাটল পাঁচজনের

**হরিরামপুর, ৯ মার্চ:** হরিরামপুর ব্লকের শিরশি পঞ্চায়েতের ন্যাংড়াপাড়া গ্রামে তিন ভাইয়ের বাড়ি তৈরিকে কেন্দ্র করে শনিবার দুপুরে মাথা ফাটল পাঁচজনের। ঘটনায় হরিরামপুর থানার পুলিশ আনিকুল ইসলাম নামের এক তরুণকে গ্রেপ্তার করে রবিবার গঙ্গারামপুর মহকুমা আদালতে পেশ করে। বিচারক তাকে ১৪দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।

দুই পক্ষের মধ্যে সংঘর্ষ বাধলে আজাদ হুসেন(৬০), সাজ্জাদ হুসেন(৪৮) ও মোয়াজ্জেম হুসেন(৫২) নামে তিন ভাই আহত হন। এছাড়াও আজাদ হুসেনের পরিবারের দুই সদস্য আনোয়ার হুসেন (২৭) ও সুলতানা খাতুন (৩৫ ) আহত হন। ধারালো অস্ত্র, লাঠির আঘাতে তাঁরা আহত হন। ঘটনার জেরে হরিরামপুর থানায় লিখিত অভিযোগ দায়ের হলে পুলিশ আনিকুল ইসলাম নামে একজনকে গ্রেপ্তার করে। আইসি অভিষেক তালুকদার জানান,'ধৃতকে আজ আদালতে পেশ করা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।'

## পথ নিরাপত্তা কর্মসূচি

**পতিরাম ও কুশমণ্ডি, ৯ মার্চ :** রবিবার পতিরাম পেট্রোলপাম্পে পালিত হল পথ নিরাপত্তা কর্মসূচি। উপস্থিত ছিলেন এসআই সমীর সিংহ। গতকাল মোহনা পেট্রোলপাম্পেও একই কর্মসূচি পালন করা হয়েছিল। ট্রাফিক দপ্তর জানিয়েছে, পথ নিরাপত্তা সম্পর্কে সবাইকে সচেতন করে তুলতে এই ধরনের উদ্যোগ আগামীদিনেও নেওয়া হবে।

মানুষকে সচেতনতার বার্তা দিতে রবিবার জাতীয় নিরাপত্তা সপ্তাহ পালন করলেন কুশমণ্ডি ব্লকের বিদ্যুৎ দপ্তরের কর্মীরা। স্টেশন ম্যানেজার জগদীশ বর্মন জানান, 'জাতীয় নিরাপত্তা সপ্তাহ আজ কুশমণ্ডি ব্লকেও পথ পরিক্রমার মধ্য দিয়ে পালন করা হল।'

## ফরাক্কার গঙ্গায় ভাসছে মরা শুশুক ও মাছ

**ফরাক্কা, ৯ মার্চ :** ফরাক্কার গঙ্গায় মাঝেমধ্যেই ভেসে আসছে মরা শুশুক, মাছ। ঘটনাকে কেন্দ্র করে আতঙ্ক দানা বাঁধছে সাধারণ মানুষের মনে। গত শুক্রবার একটি মৃত শুশুককে ভেসে আসতে দেখা যায়।

ফরাক্কা ব্যারেজের ডাউনস্ট্রিমে নদীর পাড় ঘেঁষে কখনও রিঠা, কখনও বোয়াল মাছ মাঝেমধ্যেই মৃত অবস্থায় পড়ে থাকতে দেখা যাচ্ছে। কোনওভাবে মাছের উৎপাদন বাড়ানোর জন্যই কিছু কিছু অসাধু ব্যবসায়ী বিভিন্ন কেমিক্যাল প্রয়োগ করছে। এতে শুধু মাছের ক্ষতি হচ্ছে তা নয়, ভুক্তভোগী হচ্ছেন আমআদমিও।

গৌর চৌধুরী নামে এক মৎস্য ব্যবসায়ী বলেন, 'পাঙ্গাস বা অন্য মাছ ধরার জন্য অনেকে এগুলো করছে। যদি এক কুইন্টাল মাছ পাওয়া যায় সেখানে চার কুইন্টাল মাছের পরোক্ষভাবে ক্ষতি হচ্ছে। এই বিষ এতটাই মারাত্মক যে, মাছগুলো বিষ প্রয়োগের ফলে কাতরাতে কাতরাতে নদীর তীরে চলে আসে। প্রশাসনের নজর দেওয়া উচিত।' একই মত তৃণমূল নেতা বাবলু ঘোষের।

ফরাক্কা ব্লকের ফিশারি এক্সটেনশন অফিসার সুনিত পালের বিরক্তি, 'আমরা সবসময়ই এলাকার মানুষ ও মৎস্যজীবীদের সচেতন করি। তবু এটা আটকানো যাচ্ছে না। অভিযোগপত্র পেলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাব।'

জঙ্গিপুর বন দপ্তরের সার্কেল হেড আনন্দ বিশ্বাসের বক্তব্য, 'ইতিমধ্যেই জঙ্গিপুর স্তরে জলজ প্রাণীদের সংরক্ষণ নিয়ে প্রচার অভিযান শুরু করেছি। ফরাক্কার গঙ্গায় শুশুকের মৃত্যুর বিষয়টি আমাকে কেউ জানায়নি।'

## মৌমাছির হানায় জখম

**বালুরঘাট, ৯ মার্চ :** মৌমাছির হানায় হুলবিদ্ধ একাধিক। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে বালুরঘাট শহরের সত্যজিৎ মঞ্চ এলাকায়। গত কয়েকদিন ধরে ওই এলাকায় মৌমাছির হানায় অতিষ্ঠ হয়ে পড়েছে পথচলতি সাধারণ মানুষ। একাধিক ব্যক্তি মৌমাছির হানায় আহত হয়েছেন।

রবিবার বিকেলে আচমকা ওই এলাকায় ফের মৌমাছি হানা দেয়। ভয়ে পথচলতি সাধারণ মানুষজন পালাতে থাকে। তবে এক ব্যবসায়ীকে মৌমাছি ছেঁকে ধরে। তাকে বেশ কয়েকটি মৌমাছি হুলবিদ্ধ করেছে। যার ফলে তিনি গুরুতর জখম হয়েছেন। তাঁকে সঙ্গে সঙ্গে বালুরঘাট জেলা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়।

## নাবালিকা উদ্ধার

**বুনিয়াদপুর, ৯ মার্চ :** নিখোঁজ হওয়া এক নাবালিকাকে উদ্ধার করল বংশীহারী থানার পুলিশ। শনিবার রাতে তাকে গঙ্গারামপুর সেফ হোমে রাখা হয়। রবিবার তাকে সিডব্লিউসির হাতে তুলে দেওয়া হয়েছে।

পরিবার জানিয়েছে, গত ৩ মার্চ বংশীহারীর এক প্রত্যন্ত গ্রামের নাবালিকা নিখোঁজ হয়। ৭ মার্চ অভিযোগ দায়ের করেন পরিবারের সদস্যরা। তদন্তে নেমে পুলিশ শনিবার রাতে নাবালিকাকে উদ্ধার করে থানায় নিয়ে আসে। বংশীহারী থানার আইসি অসীম গোপ জানিয়েছেন, তাকে সিডব্লিউসির হাতে তুলে দেওয়া হয়েছে। তদন্ত চলছে।

## সংশোধনী

৯ মার্চ উত্তরবঙ্গ সংবাদে পাঁচের পাতায় প্রকাশিত 'সহকর্মীকে খুনের...' শীর্ষক খবরে অভিযোগকারী সুকান্ত চক্রবর্তীর বয়ানে প্রকাশিত তথ্য আসলে ওঁর লিখিত অভিযোগ। তাঁর বক্তব্য, 'যা বলার উর্ধ্বতন কর্তৃপক্ষ বলবেন।' অনিচ্ছাকৃত ত্রুটির জন্য দুঃখিত।

### ফুলহরে অবাক কাণ্ড দেখতে ভিড় জমাচ্ছেন হরিশ্চন্দ্রপুরবাসী

# জলের পাইপে 'গ্যাস', জ্বলে উঠছে আগুন

**সৌরভকুমার মিশ্র**

**হরিশ্চন্দ্রপুর, ৯ মার্চ :** হরিশ্চন্দ্রপুরের দক্ষিণ প্রান্ত দিয়ে বয়ে গিয়েছে ফুলহর নদী। গত কয়েকদিন ধরে আশ্চর্য ঘটনা লক্ষ করছেন নদীপারের বাসিন্দারা। সেখানে একটি গ্রামে এক চাষির বসানো জায়গায় জলের পাইপলাইনের ফুটো দিয়ে বেরোচ্ছে গ্যাসের মতন কোনও পদার্থ। আর তাতে জ্বলন্ত দেশলাই কাঠি ধরলেই জ্বলছে আগুন। হরিশ্চন্দ্রপুর ২ ব্লকের দৌলতনগর পঞ্চায়েতের খিদিরপুর গ্রামে ফুলহর নদীর তীরে মাটির নীচ থেকে এভাবে গ্যাস বেরোনোয় অবাক স্থানীয়রা।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গত বছর বন্যায় ফুলহর নদীর ভাঙনে অসংখ্য জমি নদীর গর্ভে চলে যায়। জমিগুলো জেগে উঠেছে। অনেক চাষি ধান ও ভুট্টা চাষ করেছেন। শুক্রবার স্থানীয় এক চাষি সেখ হাকিমুদ্দিন জমিতে সেচ দেওয়ার জন্য পাম্প বসান। পাম্পের কাজ শেষ হলে দেখা যায়, ওই জায়গায় জলের মধ্য থেকে বুদ্বুদ আকারে গ্যাস বেরোচ্ছে। কৌতূহলবশত তাতে দেশলাই ধরতেই তা জ্বলে ওঠে। তা দেখার জন্য হরিশ্চন্দ্রপুরের বিভিন্ন গ্রাম থেকে আসছে মানুষ।

চাষি হাকিমুদ্দিন বলেন, 'আমার জমি গত বছর বন্যায় ফুলহর নদীগর্ভে তলিয়ে গিয়েছে। নদীর চর জেগে উঠেছে। জমিতে ধান ও ভুট্টা চাষ করেছি। এদিন পাম্প বসানোর পর দেখি পাইপের গোড়া থেকে জলের মধ্যে বুদ্বুদ করে কী যেন একটা উঠছে। জল সরিয়ে দেশলাই কাঠি ধরতেই জ্বলে উঠছে। আমার মনে হচ্ছে প্রাকৃতিক গ্যাস রয়েছে।'

পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের মালদা জেলা সভাপতি সুনীল দাস বলেন, 'বিষয়টি না দেখে পরিষ্কারভাবে বলা কঠিন। তবে এই গ্যাস থেকে ভয় পাওয়ার কোনও কারণ নেই।'

গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের অধ্যাপক অরিজিৎ দাসের কথায়, 'পাইপ থেকে গ্যাস বেরোলে আগুন জ্বললে এটা অ্যামোনিয়া কিংবা মিথেন হতে পারে। ওই এলাকায় মাটির নীচে প্রাকৃতিক গ্যাস থাকলে আশ্চর্য হব না।'

হরিশ্চন্দ্রপুর-২ ব্লকের বিডিও তাপসকুমার পালের কথায়, 'বিষয়টি জেলায় জানানো হবে।'

> **মাটির নীচে বিভিন্ন জায়গায় প্রাকৃতিকভাবে মিথেন তৈরি হয়। ওই গ্যাস থেকে ভালো জ্বালানি পাওয়া যায়। এটি মিথেন গ্যাস হতে পারে।**
>
> **সুনীল দাস, জেলা সভাপতি পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চ**



ঠান্ডা কমতেই জলে ঝাঁপ। রবিবার গাজোলে। - পঙ্কজ ঘোষ

# ফোন নিয়ে দুই সতিনের মারামারি

**অনুপ মণ্ডল**

**বংশীহারী, ৯ মার্চ :** মর্মান্তিক! দুঃসহ! একই বাড়িতে দুই সতিনের বাস। তার মধ্যে শনিবার মোবাইল নিয়ে দুই পক্ষের স্ত্রীর মধ্যে বাধে গণ্ডগোল। সেখান থেকে হাতাহাতি। জল গড়াল থানা ও হাসপাতালে। রবিবার স্বামী, শাশুড়ি, দেওর, ননদ ও দ্বিতীয় পক্ষের স্ত্রীর বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ নিয়ে বংশীহারী থানার দ্বারস্থ হলেন প্রথম পক্ষের গৃহবধূ। ঘটনাটি ঘটেছে বংশীহারীর এক এলাকায়।

স্থানীয়দের দাবি, ওই এলাকার এক ব্যক্তি ২০১৭ সালে উত্তর দিনাজপুরের এক মহিলাকে সোনা, নগদ, আসবাব সহকারে মুসলিম শরিয়ত মতে বিয়ে করে। তাদের তিন বছরের একটি কন্যাসন্তানও আছে।

অভিযোগ, বেশ কিছুদিন থেকে ওই স্বামী অতিরিক্ত যৌতুক নিয়ে আসার জন্য প্রথম স্ত্রীকে শারীরিক ও মানসিক অত্যাচার করত। পরে সে আরেকটি বিয়ে করে। তারপর থেকেই স্বামী দ্বিতীয় পক্ষের স্ত্রী সহ পরিবারের বাকিদের অত্যাচার বাড়ে প্রথম স্ত্রীর ওপর। শনিবার সকালে মোবাইল নিয়ে দুই সতিনের বিবাদ চরম আকার নেয়। ওই সময় স্বামী বাইরে ছিল। প্রতিবাদ করলে শাশুড়ি, দেওর, ননদের সঙ্গে দ্বিতীয় স্ত্রী প্রথম স্ত্রীকে চড়, কিল, ঘুসি মারতে থাকে। তাঁর গলা টিপে ধরে ও কাঠের বাতা দিয়ে মারধর করে। এমনকি তাঁর শ্লীলতাহানিও করে। শেষমেশ জ্ঞান হারিয়ে পড়ে যান প্রথম পক্ষের স্ত্রী।

জ্ঞান ফিরলে স্বামীকে ফোন করে ডেকে নেন। স্বামী বাড়িতে ফিরলে তাঁর কথা না শুনেই কিল, চড়, ঘুসি মারতে শুরু করে। পেটে লাথিও মারে। প্রথম স্ত্রীকে টেনেহিঁচড়ে কান ও নাকের অলংকার ছিনিয়ে নেয়। তাঁকে ও মেয়েকে বাড়ি থেকে বের করে দেয়। তিনি তাঁর বাবাকে ফোন করলে তিনি মেয়েকে হাসপাতালে নিয়ে যান। কিছুটা সুস্থ হলে বাবাকে নিয়ে রাতেই বংশীহারী থানার দ্বারস্থ হন ওই গৃহবধূ।

যদিও পুরো অভিযোগ অস্বীকার করেছে অভিযুক্ত। তাঁর বক্তব্য, 'আমি ওই সময় বাড়িতে ছিলাম না। আমার ভাই এবং বোন যাদের বিরুদ্ধে অভিযোগ করেছে, তারা বাইরে থাকে। আমার বিরুদ্ধে মিথ্যে অভিযোগ করা হয়েছে।' বংশীহারী থানার আইসি অসীম গোপ বলেন, 'অভিযোগ পেয়েছি। তদন্ত চলছে।'

> **আমি ওই সময় বাড়িতে ছিলাম না। আমার ভাই এবং বোন যাদের বিরুদ্ধে অভিযোগ করেছে, তারা বাইরে থাকে। আমার বিরুদ্ধে মিথ্যে অভিযোগ করা হয়েছে।**
>
> **রহিম আনসারি, অভিযুক্ত**

## উচ্চমাধ্যমিকে অনুপস্থিতি নিয়ে প্রশ্ন রায়গঞ্জে

**রায়গঞ্জ, ৯ মার্চ :** উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তর দিনাজপুরে এবছর ৪ হাজার ৬৬৫ জন পরীক্ষার্থী কমেছিল। এরপর ইংরেজি ও বাংলা পরীক্ষায় দেখা গেল, রায়গঞ্জ ও ইসলামপুর মহকুমায় পরীক্ষার্থীর সংখ্যা আরও কমেছে।

এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষায় ফর্ম ফিলআপ করেছিলে ১৮ হাজার ৩০০ জন। এর মধ্যে ছাত্র ৭ হাজার ৪১৬ জন এবং ছাত্রী ১০ হাজার ৮৮৪ জন। উচ্চমাধ্যমিক পরীক্ষা পরিচালনার জয়েন্ট কনভেনার সুব্রত সাহা বলেন, 'বাংলা ও ইংরেজি পরীক্ষায় ১৩০ জন অনুপস্থিত।'

উল্লেখ্য, রাজ্য সরকারের শিক্ষা দপ্তর ছাত্রীদের পড়াশোনায় আগ্রহ বাড়াতে কন্যাশ্রী ও রূপশ্রীর মতো বিভিন্ন প্রকল্প চালু করেছে। পড়াশোনার সুবিধার জন্য ট্যাব কিনতে ১০ হাজার টাকা করে দিচ্ছে। তারপরেও এই অবস্থা।

## পাগলা কুকুর ধরতে পথে প্রধান

**রায়গঞ্জ, ৯ মার্চ :** বিগত দুইদিন ধরে ৮ নম্বর বাহিন পঞ্চায়েতের সোহারই মোড় এলাকা দাপিয়ে বেড়াচ্ছিল এক পাগলা কুকুর। ওই পাগলা কুকুরের দাপটে চরম আতঙ্ক ছড়ায় সংশ্লিষ্ট এলাকায়। ইতিমধ্যেই ওই কুকুরের কামড়ে ৪ শিশু সহ একাধিক গোরু ও ছাগল আহত হয়। ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এসব দেখে প্রশিক্ষণপ্রাপ্ত পশুপ্রেমীদের নিয়ে পথে নামেন স্থানীয় গ্রাম পঞ্চায়েতের প্রধান আনিসুল আলি। শনিবার রাতেই অবশ্য জালবন্দি হয় ওই সারমেয়। বাহিন গ্রাম পঞ্চায়েতের প্রধান আনিসুল আলি জানান, 'দুইদিন ধরে পাগলা কুকুরের আক্রমণে আহত হওয়ার ঘটনা শুনছিলাম। স্থানীয় পঞ্চায়েত সদস্য মায়ারানি শীলকে নিয়ে পথে নামি। খবর দেওয়া হয় উত্তর দিনাজপুর পিপলস ফর অ্যানিমালসের স্বেচ্ছাসেবকদের। তাঁরা শনিবার সন্ধ্যায় ঘটনাস্থলে পৌঁছান। দীর্ঘ প্রচেষ্টার পর গভীর রাতে বিশেষ জালের সাহায্যে তাঁরা কুকুরটিকে আটক করতে সক্ষম হন।'

পিপলস ফর অ্যানিমালসের সম্পাদক গৌতম তান্তিয়া জানান, 'গত দুদিন ধরে এই ঘটনা এলাকায় আতঙ্ক ছড়িয়েছিল। অবশেষে এদিন পূর্ণবয়স্ক ওই কুকুরটিকে ধরা সম্ভব হয়েছে। আপাতত কুকুরটিকে পর্যবেক্ষণে রাখা হবে। যদি জ্বলাতঙ্কের লক্ষণ দেখা যায়, তবে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহায়তায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।' স্থানীয় বাসিন্দারা প্রধান এবং পিপলস ফর অ্যানিমালসের এই উদ্যোগে স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন। আহতদের প্রাথমিক চিকিৎসা করানোর দায়িত্ব নিয়েছে গ্রাম পঞ্চায়েত।

# কুমারগঞ্জকে চাইল্ড ফ্রেন্ডলি গড়ে তোলার অঙ্গীকার

**কুমারগঞ্জ, ৯ মার্চ :** কুমারগঞ্জ ব্লকের সমস্ত গ্রামকে 'চাইল্ড ফ্রেন্ডলি' গ্রাম হিসেবে গড়ে তুলতে উদ্যোগ নিয়েছে প্রশাসন। প্রশাসনের সেই কর্মসূচিকে সফল করার লক্ষ্য নিয়ে যাঁরা কাজ করছেন, তাঁদের শনিবার এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে সংবর্ধনা দেওয়া হয়। বিশেষ করে বাল্যবিবাহ রোধ ও নাবালিকাদের গর্ভধারণ রোধের মতো গুরুত্বপূর্ণ সামাজিক কাজে যাঁরা অবদান রেখে চলেছেন, তাঁদেরকেই সম্মানিত করা হয় এই অনুষ্ঠানে।

এদিন উপস্থিত ছিলেন সিডব্লিউসির চেয়ারপার্সন মন্দিরা রায়, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি উমা রায় সহ প্রশাসনের একাধিক কর্তাব্যক্তি।

অনুষ্ঠানে জেলার বিভিন্ন পঞ্চায়েতের মহিলা সংঘ নেত্রী, স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, আইসিডিএসের সুপারভাইজার এবং স্বাস্থ্যকর্মীরাও উপস্থিত ছিলেন। সভায় মহিলাদের সম্মান, কাজের ব্যবস্থা, সমান মজুরি, নারী ও শিশু পাচার বন্ধ এবং বাল্যবিবাহ মুক্ত গ্রাম গঠনের বিষয় নিয়ে আলোচনা হয়।

জেলার চারটি গ্রাম পঞ্চায়েত ইতিমধ্যে 'চাইল্ড ফ্রেন্ডলি' হিসেবে গড়ে তোলা হয়েছে। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, কুমারগঞ্জ ব্লকের সমস্ত গ্রাম পঞ্চায়েতকে চাইল্ড ফ্রেন্ডলি হিসেবে গড়ে তোলার জন্য স্বনির্ভর গোষ্ঠীর মহিলা সদস্যরা সম্মিলিতভাবে কাজ করবেন। এই উদ্দেশ্যে গণ আন্দোলনের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির পরিকল্পনা নেওয়া হয়েছে।

## রাস্তার ধারে উদ্ধার গ্যাস কাটার সরঞ্জাম

**রতুয়া, ৯ মার্চ :** রাস্তার ধার থেকে গ্যাস কাটার সরঞ্জাম, দুটি গাড়ির নম্বর প্লেট উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল রবিবার। ঘটনাটি ঘটেছে রতুয়া থানার প্রধান পাড়ায়। এদিকে, শনিবার ভোররাতে রায়গঞ্জ শহর ও ইটাহার থানা এলাকায় এটিএমে চুরির ঘটনা ঘটেছে। সেই ঘটনার সঙ্গে উদ্ধার হওয়া জিনিসের কোনও যোগ রয়েছে কি না তদন্ত করে দেখার আশ্বাস দিয়েছে পুলিশ।

দেবাশিস সাহা নামে এক স্থানীয় বাসিন্দার বক্তব্য, 'পুলিশ ঘটনাস্থল থেকে সমস্ত সরঞ্জাম উদ্ধার করেছে। সম্ভবত দুষ্কৃতীমূলক কাজের জন্য সরঞ্জাম এখানে মজুত করা হয়েছিল। ঘটনাস্থল থেকে ৫০০ মিটার দূরে রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও একটি এটিএম রয়েছে। সেখানে দুষ্কৃতীমূলক কাজ করার জন্য হয়তো এই সরঞ্জাম মজুত করা হয়েছিল। বিহারের দুষ্কৃতীরা এই ঘটনার সঙ্গে যুক্ত হতে পারে। কারণ এই রাস্তা হয়ে অনায়াসে বিলাইমারি হয়ে পার্শ্ববর্তী রাজ্য বিহার ও ঝাড়খণ্ড যাওয়া যায়। আমরা এলাকায় পুলিশি নজরদারি বাড়াতে অনুরোধ করছি।'

## আর্থিক সাহায্য

**হরিশ্চন্দ্রপুর, ৯ মার্চ :** দুর্ঘটনাগ্রস্ত ২ তরুণকে আর্থিক সাহায্য দিলেন মালদা জেলা পরিষদের সদস্য বুলবুল খান। গত মাসে রতুয়ার পরানপুর এলাকায় ট্রাকের ধাক্কায় আহত হন ভালুকা বাজারের দুই তরুণ শেখ সিদ্দিক ও শেখ হাসিব। পূর্ণিয়াতে তাঁদের চিকিৎসা চলছে। বিষয়টি জানতে পেরে রবিবার বুলবুল খান আহত ২ তরুণের বাড়িতে গিয়ে আর্থিক সাহায্য দেন।

## দীক্ষাদান

**ডালখোলা, ৯ মার্চ :** রবিবার ভারত সেবাশ্রম সংঘের ডালখোলা হিন্দু মিলন মন্দিরের বাৎসরিক অনুষ্ঠান অনুষ্ঠিত হল। এদিন আশ্রম প্রাঙ্গণে স্বামী প্রণবানন্দজি মহারাজের অভিষেক ও পূজারতির পর অন্নকূট ভোগ, দীক্ষাদান হয়।

## বাতিস্তম্ভ

**হরিশ্চন্দ্রপুর, ৯ মার্চ :** জেলা পরিষদের তহবিলের অর্থ ব্যয়ে হরিশ্চন্দ্রপুর- ১ ব্লকের পাঠানপাড়া কবরস্থানে রবিবার বাতিস্তম্ভ বসানো হল। ছিলেন জেলা পরিষদের কৃষিসেচ ও সমবায় কর্মাধ্যক্ষ রবিউল ইসলাম।

## পেয়ারা তুমি খাও...



রবিবার গঙ্গারামপুরে ছবিটি তুলেছেন জয়ন্ত সরকার।

# ডালা খোলা ট্র্যাক্টরে অতিষ্ঠ গ্রামবাসী

**হরিশ্চন্দ্রপুর, ৯ মার্চ :** নম্বর প্লেট নেই। তার ওপরে ট্রলির ডালাও খোলা। ট্র্যাক্টরে করে এভাবেই চলছে মাটি পাচার। খোদ জাতীয় সড়কের উপর এমন বেআইনি কাজ দিনের পর দিন ঘটে চলেছে। অথচ প্রশাসনের তরফে আশ্বাস দেওয়া ছাড়া আর কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না বলে অভিযোগ তুলেছেন হরিশ্চন্দ্রপুরের বাসিন্দারা।

উচ্চমধ্যমিক পরীক্ষা চলাকালীন ভোর হতে না হতেই ৩১ নম্বর চাঁচল-হরিশ্চন্দ্রপুর জাতীয় সড়কজুড়ে চলছে নম্বর প্লেটবিহীন ট্রলিযুক্ত ট্র্যাক্টরের দাপাদাপি। খোলা ডালা দিয়ে চাপ চাপ মাটির চাঙড় জাতীয় সড়কে গড়াগড়ি খাচ্ছে। এর জেরে সকাল থেকেই ধুলোয় ঢাকা পড়ছে জাতীয় সড়ক সহ হরিশ্চন্দ্রপুর সদর এলাকার বিভিন্ন অঞ্চল। এরই মধ্যে কার্যত প্রাণ হাতে করে রাস্তায় চলাচল করতে হচ্ছে পরীক্ষার্থী থেকে শুরু করে সাধারণ মানুষকে।

স্থানীয় বাসিন্দা দীপক দাসের অভিযোগ,' ট্র্যাক্টরের ট্রলি থেকে রাস্তায় মাটি উপচে পড়ছে। পাকা রাস্তা ঢেকে যাচ্ছে ধুলোর আস্তরণে। সেই মাটিতে শীতে শিশির পড়ে বা অন্যসময় বৃষ্টি পড়ে বিপজ্জনক হয়ে উঠছে। হামেশাই ঘটছে দুর্ঘটনা।' দীপক আরও বলেন,'ট্র্যাক্টরে করে মাটি নিয়ে গেলে ডালা বন্ধ করে ত্রিপল দিয়ে ঢেকে নিয়ে যেতে হয়। কিন্তু সেই নিয়ম মানা হচ্ছে না। অনেক ট্র্যাক্টরের ট্রলিতে নম্বর প্লেটও নেই।'

এ প্রসঙ্গে হরিশ্চন্দ্রপুর ১ ব্লকের ভূমি সংস্কার আধিকারিক উদয়শংকর ভট্টাচার্য বলেন,'এই সমস্যা নিয়ে একাধিকবার আলোচনা হয়েছে। আমরা পুলিশ প্রশাসনকে বিষয়টি দেখার জন্য বলেছি।' হরিশ্চন্দ্রপুর-১ বিডিও সৌমেন মণ্ডল জানান,' আইন মেনে ব্যবস্থা গ্রহণ করা হবে।'



মাটি নিয়ে চলেছে ডালাখোলা ট্র্যাক্টর। রবিবার। - সৌরভকুমার মিশ্র

## দোলযাত্রায় শান্তিরক্ষায় বৈঠক প্রশাসনের

**কালিয়াচক ও বৈষ্ণবনগর, ৯ মার্চ :** দোলযাত্রা উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে রবিবার শান্তি বৈঠক অনুষ্ঠিত হল কালিয়াচকের সদ্ভাব ভবনে। এই বৈঠকে উপস্থিত ছিলেন কালিয়াচক ১ ব্লকের বিডিও সত্যজিৎ হালদার, মালদা জেলা পরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ আবদুর রহমান প্রমুখ। বিডিও সত্যজিৎ হালদার জানান, 'দোল উৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে প্রশাসন তৎপর থাকবে।'

পাশাপাশি কালিয়াচক ৩ ব্লক ও বৈষ্ণবনগর থানা প্রশাসন দোল উৎসবকে কেন্দ্র করে শান্তি বৈঠকে বসেন। এই বৈঠকে উপস্থিত ছিলেন বৈষ্ণবনগরের বিধায়ক চন্দনা সরকার, কালিয়াচক ৩ ব্লকের বিডিও সুকান্ত শিকদার, বৈষ্ণবনগর থানার আইসি বিপ্লব হালদার প্রমুখ।

## দুইদিন ব্যাংক ধর্মঘটের ডাক

**গঙ্গারামপুর, ৯ মার্চ :** সম্মেলনের মধ্য থেকে চলতি মাসের দুই দিন ব্যাংক ধর্মঘটের ডাক দিল ইন্ডিয়ান ব্যাংক এমপ্লয়িজ সংগঠন। রবিবার ছিল বঙ্গীয় প্রাদেশিক ব্যাংক কর্মচারী সমিতির দক্ষিণ দিনাজপুর জেলা কমিটির ১৩তম দ্বিবার্ষিক সম্মেলন।

এদিন সংগঠনের পতাকা উত্তোলন এবং প্রদীপ প্রজ্বলনের মধ্য দিয়ে সম্মেলনের সূচনা করা হয়। প্রতিবেদন পাঠের ওপর বক্তব্য রাখেন প্রতিনিধিরা। সম্মেলন থেকে একগুচ্ছ দাবি তোলা হয়। পাশাপাশি এ মাসের ২৪ ও ২৫ তারিখে ব্যাংক ধর্মঘটের ডাক দেন। সম্মেলনে উপস্থিত ছিলেন অল ইন্ডিয়া ব্যাংক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের সভাপতি রাজেন নগর, বিপিবিইএ-এর চেয়ারম্যান কমল ভট্টাচার্য সহ প্রমুখ। এদিন সম্মেলন শেষে ৩৫ জনের কমিটি গঠন করা হয়।

অল ইন্ডিয়া ব্যাংক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের সভাপতি রাজেন নগর জানান, 'দিন-দিন ব্যাংকের শাখা বাড়ছে। কিন্তু ব্যাংককর্মী নিয়োগ করা হচ্ছে না। কর্মীর সংখ্যা কম থাকায় একজন কর্মীকে অনেক কাজ করতে হয়। ফলে ব্যাংককর্মীর পাশাপাশি সাধারণ মানুষকেও হয়রানির শিকার হতে হচ্ছে। কিছু কিছু ক্ষেত্রে চুক্তিভিত্তিক কর্মী দিয়ে কাজ করানো হয়। কিন্তু সেই কর্মীদেরও ভবিষ্যৎ নিশ্চিত নেই। আসলে সরকার ব্যাংককর্মীদের সংগঠনকে শেষ করতে চাইছে। তাই আমরা কর্মী নিয়োগ সহ একাধিক দাবিতে এ মাসের ২৪ ও ২৫ তারিখে ব্যাংক ধর্মঘটের ডাক দিয়েছি।'

## বিঘোরের বেগুন চাষ ভট্টদিঘিতে

**রায়গঞ্জ, ৯ মার্চ :** রায়গঞ্জের বিঘোরের বেগুন মানেই লা জবাব। তবে এবার বিঘোরে নয়, রায়গঞ্জের ভট্টদিঘিতে প্রথম বিঘোরের বেগুন চাষ করে সাফল্য পেলেন জৈবচাষি টিপুল মণ্ডল। কোনও রকম রাসায়নিক সার ব্যবহার না করে পচা খোল ও গোবর সার দিয়ে বিঘোরের এই চাষ করেছেন তিনি। যদিও ১০ শতক জমিতে বেগুন চাষ করেন। বেগুনের ওজন ৪০০ থেকে ৫০০ গ্রাম। খুশি চাষি।

টিপু মণ্ডল বলেন, 'এর আগে জৈব পদ্ধতিতে ধান করেছি। এবার জৈব পদ্ধতিতে প্রথম বেগুন চাষ করলাম। ভীষণ ভালো লাগছে।'

## সিসি রোডের শিলান্যাস

**পতিরাম, ৯ মার্চ :** অপেক্ষার অবসান। জন্তিগ্রামে দীর্ঘদিনের দাবি ছিল রাস্তা পাকা করার। সেই দাবিপূরণ হল এবার।

রবিবার আদিবাসী উন্নয়ন পর্ষদের বরাদ্দ অর্থে সিসি রাস্তা নির্মাণের শিলান্যাস হল নাজিরপুর গ্রাম পঞ্চায়েতের জন্তিগ্রামে। উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি অরূপ সরকার, পূর্ত কর্মাধ্যক্ষ তোতন হালদার প্রমুখ।

## ২০টি সিসিটিভি

**বালুরঘাট, ৯ মার্চ :** বালুরঘাট নার্সিং ট্রেনিং স্কুলে দুষ্কৃতী তাণ্ডবের পর লাগানো হল আরও ২০টি সিসিটিভি। আগেও নার্সিং ট্রেনিং স্কুলে দুষ্কৃতীদের ভেতরে ঢোকার ঘটনা সামনে এসেছিল। জেলা প্রশাসন ও স্বাস্থ্য দপ্তরের তরফে নার্সিং ট্রেনিং স্কুলের নিরাপত্তা আরও জোরদার করার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়।

## প্রতিযোগিতা

**বালুরঘাট, ৯ মার্চ :** দক্ষিণ দিনাজপুর প্রবীণ নাগরিক কল্যাণ মঞ্চের উদ্যোগে অঙ্কন প্রতিযোগিতা হল বালুরঘাটে। রবিবার শহরের রথতলা এলাকার মন্মথ নাট্য ও সংস্কৃতিচর্চা কেন্দ্রে এই অঙ্কন প্রতিযোগিতায় শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করেন। উদ্যোক্তারা জানিয়েছেন আগামীতে আবৃত্তি ও গানের প্রতিযোগিতাও হবে।

# তিন দশক বাদে বীণা নদীর ওপর পাকা সেতু

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ৯ মার্চ :** রায়গঞ্জের সাংসদ থেকে বিধায়ক, পঞ্চায়েত থেকে জেলা পরিষদ সদস্য সকলেই প্রতি নির্বাচনের আগে বীণা নদীর উপর সেতু নির্মাণের প্রতিশ্রুতি দিতেন। কিন্তু ভোটের পর তাদের আর দেখা মিলত না। এভাবে কেটেছে তিরিশ বছর। ২০২৪'এর লোকসভা ভোটের মুখে জেলা পরিষদ ১১ নং বীরঘই অঞ্চলের ধর্মডাঙি গ্রামে বীণা নদীর উপর পাকা সেতু নির্মাণের সূচনা করে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর এর জন্য অর্থ বরাদ্দ করে দুই কোটি ৫৪ লক্ষ ৭১ হাজার ২২৯ টাকা। এক বছরের মধ্যে কাজ শেষ করার কথা ছিল। নির্ধারিত সময়ের আগেই কাজ প্রায় শেষ। এলাকার মানুষ রীতিমতো উচ্ছ্বসিত।

স্থানীয় বাসিন্দা ৬৫ বছরের যতীন বর্মন জানান, 'স্থায়ী সেতুর স্বপ্ন দেখতাম। তবে সেই স্বপ্ন বাস্তবায়িত হবে কি না তা নিয়ে আমাদের যথেষ্ট সন্দেহ ছিল। বর্ষায় বাঁশের সেতু আর নৌকাই ভরসা। জলের স্রোতে অস্থায়ী বাঁশের সেতুটি ভেঙে পড়লে পারাপারের একমাত্র ভরসা হয়ে দাঁড়াত নৌকা। এবার সেই কষ্ট আমাদের আর ভোগ করতে হবে না। আমরা ভীষণ খুশি।' খুশি দীপিকা বর্মন সহ অন্যরাও।

বিজেপির উপপ্রধান কনক বর্মন বলেন, 'জেলা পরিষদ স্বতঃপ্রণোদিত হয়ে সেতু করে দেওয়ায় আমরাও খুশি। মানুষের দীর্ঘদিনের সমস্যা দূর হল।' ধর্মডাঙির বাসিন্দা তথা পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ কৈলাসচন্দ্র বর্মন বলেন, 'এতদিন বিজেপির সাংসদ, বিধায়ক ও বিজেপি পরিচালিত পঞ্চায়েত মানুষকে মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে ভোট আদায় করেছে। তৃণমূল পরিচালিত জেলা পরিষদ মানুষের সমস্যা দূর করল।'

স্থানীয় বাসিন্দা জেলা পরিষদের কর্মাধ্যক্ষ নবনীতা দাস মিত্রের কথায়,'লোকসভা ভোটে এই অঞ্চলের মানুষ কথা না রাখলেও আমরা প্রতিশ্রুতি মতো তাদের সেতু উপহার দিলাম। আশা করব, আসন্ন বিধানসভা ভোটে এই অঞ্চলের মানুষ আমাদের সঙ্গে থাকবে।'



অবশেষে তৈরি হচ্ছে সেতু। রবিবার রায়গঞ্জে। - সংবাদচিত্র



*সাইকেলের চাকা ঘোরে, ঘাসের গন্ধে ভরে চারপাশ...। রবিবার বালুরঘাটের জলঘরে। - অভিজিৎ সরকার*

# অনুপ্রবেশের অভিযোগে ধৃত বাংলাদেশি তরুণ

**রায়গঞ্জ, ৯ মার্চ :** সীমান্তের কাঁটাতার টপকে ভারতে প্রবেশ করার অভিযোগে শনিবার গভীর রাতে বাংলাদেশি এক তরুণকে গ্রেপ্তার করল রায়গঞ্জ থানার অন্তর্গত ভাটোল ফাঁড়ির পুলিশ। ধৃতের নাম মহম্মদ তারেক (২৪)। বাড়ি বাংলাদেশের ঠাকুরগাঁও জেলার হরিপুর থানার হাবুপাড়া গ্রামে। ধৃতের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা আইনের ফরেন অ্যাক্টে মামলা রুজু করেছে পুলিশ। রবিবার ধৃতকে রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।

পুলিশসূত্রে জানা গিয়েছে, বাংলাদেশ থেকে কাঁটাতার সীমান্ত টপকে ভারতে প্রবেশ করে মহম্মদ তারেক। শনিবার গভীর রাতে করণদিঘি ও ভাটোল সংলগ্ন নোনা নদীর আশপাশে তারেককে ঘোরাঘুরি করতে দেখে ভাটোল ফাঁড়ির নাইট পেট্রোলিং ভ্যান। তাকে ধরে জিজ্ঞাসাবাদ শুরু করে পুলিশ। জেরায় পুলিশকে সে জানায়, সীমান্তের কাঁটাতার টপকে সে ভারতে প্রবেশ করেছে। তার কাছে ভারতীয় নাগরিকত্বের প্রমাণপত্র নেই। বাংলাদেশি ও ভারতীয় দালালের মাধ্যমে ১২০০০ টাকার বিনিময়ে সে বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করেছে। তার উদ্দেশ্য ছিল, দিল্লি বা হরিয়ানাতে গিয়ে নির্মাণ শ্রমিকের কাজ করা।

জেলা পুলিশের এক কর্তা বলেন, 'বাংলাদেশি এক তরুণকে গ্রেপ্তার করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।

## জমি দখলে রক্ত ঝরল দুই দিনাজপুরে

# সীমানায় কলা গাছ নিয়ে সংঘর্ষ, জখম ৮

**সুবীর মহন্ত**

**বালুরঘাট, ৯ মার্চ :** প্রাচীর বা পিলার নয়, একটি কলা গাছই সীমানা নির্ধারণের ভিত্তি। আর সেই কলা গাছটির হেলে পড়ে যাওয়াকে কেন্দ্র করে দুই প্রতিবেশী পরিবারের বিবাদ কার্যত রণক্ষেত্রের চেহারা নিল বালুরঘাট ব্লকের জলঘর গ্রাম পঞ্চায়েতের গঙ্গাসাগর এলাকা। এক প্রতিবেশী নতুন বাড়ি তৈরি শুরু করার পরে ওই কলা গাছ আদতে কার সীমানায় রয়েছে, তা নিয়েই দুপক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। সংঘর্ষের জেরে দুই পক্ষের আট জন অল্পবিস্তর আহত হন। এর মধ্যে তিন জনকে আশঙ্কাজনক অবস্থায় বালুরঘাট হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুই পরিবারই থানায় অভিযোগ দায়ের করেছে।

বালুরঘাট ব্লকের গঙ্গাসাগর গ্রামের বাসিন্দা মনোতোষ মণ্ডল ও দীপেন প্রধানের বাড়ি পাশাপাশি। দুই পরিবারের সীমানা নির্ধারণ করতে একটি কলা গাছই ভরসা। মনোতোষের দাবি, ওই গাছটি তাঁদের সীমানার মধ্যে রয়েছে। আবার দীপেনের বক্তব্য, কলা গাছটি বড় হয়ে তাঁদের সীমানার দিকে বেশি হেলে গিয়েছে। সম্প্রতি দীপেন প্রধান নতুন ঘর তৈরির কাজ শুরু করেছেন। মনোতোষ বলছেন, 'কলা গাছের সীমানা লঙ্ঘন করে নতুন গৃহনির্মাণ করছিল প্রধান পরিবার। তাতে বাধা দেওয়ায় ওরা দলবদ্ধভাবে আমাকে ছাড়াও বাবা ও স্ত্রীকে মারধর করেছে। তারা বালুরঘাট হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন রয়েছে।'

> সীমানায় থাকা কলা গাছটি আমাদের দিকে ঢলে আসায় নতুন বাড়ি তৈরিতে সমস্যা হচ্ছিল। সেই কথা বলতে গেলে মণ্ডল পরিবার বিবাদ শুরু করে।
>
> **দীপেন প্রধান**

> কলা গাছের সীমানা লঙ্ঘন করে নতুন গৃহনির্মাণ করছিল প্রধান পরিবার। তাতে বাধা দেওয়ায় ওরা দলবদ্ধভাবে আমাকে ছাড়াও বাবা ও স্ত্রীকে মারধর করেছে।
>
> **মনোতোষ মণ্ডল**

দীপেন প্রধানের ছেলে বিপিন প্রধানের পালটা অভিযোগ, 'সীমানায় থাকা কলা গাছটি আমাদের দিকে ঢলে আসায় আমাদের নতুন বাড়ি তৈরিতে সমস্যা হচ্ছিল। সেই অসুবিধার কথা বলতে গেলে মণ্ডল পরিবার বিবাদ শুরু করে। আমার মাকে বেধড়ক মারধর করে। আমার স্ত্রী মাকে রক্ষা করতে গেলে তাকেও মারধর করা হয়।'

বালুরঘাট থানার আইসি সুমন্ত বিশ্বাস বলেন, 'দুই পক্ষের অভিযোগের ভিত্তিতেই সুনির্দিষ্ট ধারায় মামলায় রুজু করা হয়েছে। তদন্ত চলছে।'

# জায়গা ছাড়তে রাজি না হওয়ায় 'খুনে'র চেষ্টা

**বিশ্বজিৎ সরকার**

**রায়গঞ্জ, ৯ মার্চ :** বসতবাড়ির জমি দখলকে কেন্দ্র করে শনিবার রাতে স্থানীয় প্রভাবশালীদের দ্বারা দফায় দফায় মারধরের ঘটনায় তীব্র উত্তেজনা ছড়াল রায়গঞ্জ থানার বীরঘই পঞ্চায়েতের রূপাহার সংলগ্ন সরাই গ্রামে। ঘটনায় ১৩ বছরের এক নাবালক ও তাঁর মাকে অর্ধনগ্ন করে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। স্ত্রী ও নাবালক সন্তানকে বাঁচাতে গিয়ে প্রহৃত হয়ে গুরুতর জখম হন নাবালকের বাবা। স্থানীয়দের তৎপরতায় জখমদের উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেলে ভর্তি করা হয়। রাত বারোটা নাগাদ রায়গঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের হয় এলাকার তিন প্রভাবশালীর বিরুদ্ধে। অভিযুক্তদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে পুলিশ। যদিও অভিযুক্তরা পলাতক বলে পুলিশসূত্রে জানা গিয়েছে। জখম স্বামীর নাম জীবন বর্মন (৩৫), স্ত্রীর নাম রুম্পা বর্মন দাস (৩০), ছেলের নাম জয় বর্মন (১৩)।

শনিবার রাতে ছেলেকে নিয়ে বাড়ি ফিরছিলেন জীবন বর্মন। অভিযোগ, আচমকা বাড়ির অদূরে রাস্তা আগলে ধরেন এলাকার প্রভাবশালীরা। এরপর শুরু হয় মারধর। স্বামী ও বাচ্চার চিৎকারে ছুটে আসেন স্ত্রী রুম্পা বর্মন। তাঁকেও অর্ধনগ্ন করে বেধড়ক মারধর করা হয়। দফায় দফায় মারধরের ঘটনায় এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে। বাসিন্দাদের চেষ্টায় জখমদের উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেলে ভর্তি করা হয়। ঘটনায় রাতেই রায়গঞ্জ থানায় এলাকার প্রভাবশালীদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন জীবন বর্মন।

> আমার ৩০ শতক বসতবাড়ির জমি হাতিয়ে নিতে চায় এলাকার প্রভাবশালীরা। কিন্তু আমরা সেই জমি বিক্রি করব না বলে জানিয়ে দিই। তারপর থেকে আমাদের উপর ক্রমাগত চাপ সৃষ্টি করতে থাকে। শনিবার আমাকে, আমার স্ত্রীকে ও আমার নাবালক সন্তানকে খুন করার চেষ্টা করে অভিযুক্ত প্রভাবশালীরা।
>
> **জীবন বর্মন, আক্রান্ত**

বাড়ির মালিক জীবন বর্মনের অভিযোগ, 'জাতীয় সড়কের ধারে ৩০ শতক বসতবাড়ির জমি রয়েছে। সেই জমি হাতিয়ে নিতে এলাকার প্রভাবশালীরা জায়গা ছেড়ে দেওয়ার জন্য চাপ সৃষ্টি করছে। কিন্তু আমরা সেই জমি বিক্রি করব না বলে জানিয়ে দিই। তারপর থেকে আমাদের উপর ক্রমাগত চাপ সৃষ্টি করতে থাকে। শনিবার আমাকে, আমার স্ত্রীকে ও আমার নাবালক সন্তানকে খুন করার চেষ্টা করে অভিযুক্ত প্রভাবশালীরা। আমি চাই, অভিযুক্তদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করুক পুলিশ।'

রায়গঞ্জ থানার পুলিশ আধিকারিক বলেন, 'ঘটনায় ৩ জনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের হয়েছে। অভিযুক্তদের খোঁজে তল্লাশি চলছে।'

## স্কুল ভ্যানে আগুন

**হরিশ্চন্দ্রপুর, ৯ মার্চ :** হরিশ্চন্দ্রপুর থানা এলাকার তুলসীহাটা পঞ্চায়েতের সদরে রবিবার বিকেলবেলায় হঠাৎ করে একটি চার চাকার স্কুল ভ্যানে আগুন লেগে যায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গাড়িটি তুলসীহাটা সদর এলাকার শীতলা মন্দিরের কাছে দাঁড় করানো ছিল। বাসিন্দারা লক্ষ করেন, গাড়িটিতে আগুন ধরে গিয়েছে। তাঁরা তৎপর হয়ে আগুন নেভানোর চেষ্টা করলেও আগুন নিয়ন্ত্রণে আসেনি। খবর দেওয়া হয় দমকলে। অবশেষে দমকলের একটি ইঞ্জিনের এক ঘণ্টার প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। গাড়ির মালিক সোনু গুপ্তা বলেন, 'কী করে আগুন লাগল বুঝতে পারছি না। আগুনে আমার গাড়িটা পুরো নষ্ট হয়ে গেল।'

## শোয়ার ঘরে প্রৌঢ়ার দেহ

**চাঁচল, ৯ মার্চ :** বাড়িতে শোয়ার ঘর থেকে এক প্রৌঢ়ার ঝুলন্ত দেহ উদ্ধার হল। মৃতের নাম বীণা মালাকার (৫৬)। বাড়ি চাঁচলের মকদমপুর পঞ্চায়েতের শেরপুর এলাকায়। চারটি সন্তান থাকা সত্ত্বেও আর্থিক অনটনের কারণে বিধবা ওই প্রৌঢ়া আত্মঘাতী হয়েছেন বলে পরিবারের সদস্যদের দাবি। মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেলে পাঠিয়েছে চাঁচল থানার পুলিশ।

## গাছ কাটা বন্ধ

**চাঁচল, ৯ মার্চ :** সরকারি জায়গা থেকে দু'টি আমগাছ কেটে নেওয়া হচ্ছে। এমনই অভিযোগে স্থানীয়দের একাংশ রুখে দাঁড়ানোয় বন্ধ হল গাছ কাটা। রবিবার দুপুরে মালদার চাঁচলের মালঞ্চা এলাকার ঘটনা। আগেও ওই এলাকার একটি পুরোনো বটগাছ কাটা হয় বলে অভিযোগ। এদিন দু'টি আমগাছ কাটা শুরু হতেই প্রতিবাদে ফেটে পড়েন স্থানীয়রা। খবর পেয়ে পুলিশ গিয়ে গাছ কাটা বন্ধ করে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে বন দপ্তরের তরফে জানানো হয়েছে।

## ২০ রক্তদাতা

**রায়গঞ্জ, ৯ মার্চ :** প্রয়াত পৃথ্বীশচন্দ্র ভট্টাচার্যের স্মরণে রবিবার রায়গঞ্জে অনুষ্ঠিত হয় রক্তদান শিবির। ২০ জন রক্তদান করেন।

# বিশ্বের ভাষা মানচিত্রে প্রথম বাংলা

**কলকাতা, ৯ মার্চ :** বিশ্বজুড়ে বাংলা ভাষার জয়জয়কার। বিশ্বের মানচিত্রে কথ্য আঞ্চলিক ভাষার নিরিখে হিন্দিকে ছাপিয়ে গেল বাংলা ভাষা। ২০২৪ সালের পরিসংখ্যান অনুযায়ী, সমগ্র বিশ্বে আঞ্চলিক ভাষা হিসেবে বাংলাতেই বেশি মানুষ কথা বলেন। তবে ২০২৩ সালে হিন্দি ভাষাভাষী মানুষের সংখ্যা ছিল ৬০ কোটি ৯৫ লক্ষ। আর বাংলাভাষী মানুষের সংখ্যা ছিল ২৭ কোটি ২৮ লক্ষ। অবস্থানের বিচারে আঞ্চলিক ভাষা হিসেবে হিন্দি ছিল তৃতীয় স্থানে। আর বাংলা ছিল সপ্তম স্থানে। তবে ইউনেসকো স্বীকৃত নির্দিষ্ট কয়েকটি সংস্থার রিপোর্ট অনুযায়ী ২০২৪ সালের এই তথ্য সামনে এসেছে। গ্লোবাল পপুলেশন র‍্যাংক অনুযায়ী রিপোর্ট প্রকাশ করা হবে কিছুদিনের মধ্যে। এতদিন রিপোর্টের মূল ভিত ছিল বাংলাদেশ। এবার পশ্চিমবঙ্গ, অসম, ত্রিপুরা, ঝাড়খণ্ড, ওড়িশা, মধ্যপ্রদেশ, দিল্লি, উত্তরপ্রদেশ, মুম্বই ও দক্ষিণ ভারতকেও যুক্ত করা হয়েছে। এছাড়া ইউরোপ, সোমালিয়া, অস্ট্রেলিয়া, আমেরিকার নানা প্রদেশে বাংলা ভাষাভাষী মানুষ বসবাস করেন। ভারত ও অন্যান্য রাষ্ট্র মিলিয়ে সংখ্যাতত্ত্বের বিচারে বাংলা কথ্য আঞ্চলিক ভাষা হিসেবে প্রথম স্থানে উঠে এসেছে। তবে ভারতে কথ্য আঞ্চলিক ভাষা হিসেবে হিন্দি প্রথম স্থানে রয়েছে।

# টাওয়ার থেকে পড়ে মৃত মানিকচকের পরিযায়ী

**মানিকচক, ৯ মার্চ :** ভিনরাজ্যে কাজে গিয়ে টাওয়ার থেকে পড়ে মৃত্যু হল এক পরিযায়ী তরুণের। বাড়িতে রয়েছেন নয় মাসের অন্তঃসত্ত্বা স্ত্রী এবং বিধবা বৃদ্ধা অসুস্থ মা। ঘটনাটি মালদার মানিকচক ব্লকের এনায়েতপুর অঞ্চলের মোমিনটোলা এলাকার। মৃত পরিযায়ীর নাম খাইরুল আনসারি (৩১)। স্থানীয় বাসিন্দা সহ পরিবারের সদস্যরা সাহায্যের আবেদন জানিয়েছেন।

গত কুড়ি দিন আগে পেটের দায়ে অন্ধ্রপ্রদেশের বিজয়ওয়াড়াতে টাওয়ারের কাজে গিয়েছিলেন খাইরুল। চলতি সপ্তাহের বৃহস্পতিবার ইলেক্ট্রিক খুঁটির ওপর কাজ করতে গিয়ে খুঁটি থেকে পড়ে যান তিনি। স্থানীয়রা তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যান। সেখানে তিনদিন ধরে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে আজ রবিবার আনুমানিক সকাল ১০টা নাগাদ মৃত্যুর কাছে হার মানেন খাইরুল। পরিবারে একমাত্র উপার্জনকারী তরুণের মৃত্যুতে পরিবারের মাথায় যেন আকাশ ভেঙে পড়েছে।

# বন্দুকের নল ঠেকিয়ে

*প্রথম পাতার পর*

মণ্ডলকেও মারধর করা হয়। এরই মধ্যে তিন রাউন্ড গুলি চালায় দুষ্কৃতীরা বলে অভিযোগ। তার মধ্যে একটি গুলি দীনেশের বাম পায়ে লাগে।

অন্য জমি মালিকদের বন্দুকের নলের মুখে কান ধরে ওঠবস করানো হয়।

গুলি চালানোর খবর পেয়ে আবারও ঘটনাস্থলে তড়িঘড়ি পৌঁছায় ভূতনি থানার পুলিশ। গুরুতর আহত দীনেশ মণ্ডলকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় ভূতনি দিয়ারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। পরে তাঁকে স্থানান্তর করা হয় মালদা মেডিকেলে।

অভিযুক্তদের অন্যতম রামপ্রকাশ অবশ্য অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছেন। তিনি বলেন, 'আমি মালদাতেই নেই। শুনেছি, আমার পরিবারের লোকেরা নিজেদের জমির ফসল তুলতে গিয়েছিল। সেসময় দীনেশ ও তাঁর পরিবারের লোকেরা হামলা করেছে। গুলিও ওরাই চালিয়েছে।' পুলিশ সুয়োমোটো তদন্ত শুরু করলেও, লিখিত অভিযোগ না হওয়ায় কোনও মন্তব্য করেনি।

## ফাঁসে মৃত্যু কিশোরের

**ইটাহার, ৯ মার্চ :** এক কিশোরের ঝুলন্ত দেহ উদ্ধার হল। মৃত কিশোরের নাম প্রদীপ সরকার (১৫)। বাড়ি ইটাহার থানার ধামদোল গ্রামে। রবিবার দুপুরে নিজের ঘরে প্রদীপকে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে তাঁকে ইটাহার গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। কিন্তু চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। তবে কিশোরের মৃত্যুর কারণ নিয়ে ধন্দে পরিবার। পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে।

পরিবার সূত্রে খবর, এবছরই প্রদীপ মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। সোমবার তার ভিনরাজ্যে কাজে যাওয়ার কথা ছিল।

প্রদীপের এক আত্মীয় জানান, 'পাশের গ্রামের একটি মেয়ের সঙ্গে প্রদীপের প্রেমের সম্পর্ক গড়ে উঠেছিল। সেই সম্পর্কের কোনও টানাপোড়েনের জন্য ওর এই পরিণতি কি না জানি না।'

## জলসমস্যা মিটল মানাইনগরে

**ইটাহার, ৯ মার্চ :** পানীয় জলের সংকট মেটাতে ব্যক্তিগত উদ্যোগে ইটাহারের মানাইনগর গ্রামে পাম্প বসালেন জেলা পরিষদ সদস্য শায়েস্তা আলম। কয়েক মাস ধরে পিএইচই'র জল সরবরাহ প্রায় বন্ধ হয়ে রয়েছে এই গ্রামে। এদিকে মানাইনগর, পুরুষোত্তমপুর ও বাসুদেবপুর সংসদের মানুষের জন্য জল জীবন প্রকল্পের মোটরও বিকল হয়ে যাওয়ায় তীব্র জলসংকটে ভুগছিলেন এলাকার কয়েক হাজার মানুষ। জলের দাবিতে এর আগে একদিন রাস্তা অবরোধ করে আন্দোলনও করেছিলেন গ্রামবাসীরা। কিন্তু সরকারি কাজে দীর্ঘসূত্রিতার কারণে সমস্যার সমাধান হচ্ছিল না। রমজান মাসে জলসংকট মেটাতে নিজেই তড়িঘড়ি নতুন পাম্প বসানোর ব্যবস্থা করলেন জেলা পরিষদ সদস্য শায়েস্তা আলম।

## সম্মেলন

**করণদিঘি, ৯ মার্চ :** রবিবার কনফেডারেশন অফ স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজের করণদিঘি ব্লক ইউনিটের বার্ষিক সম্মেলন হল। করণদিঘির সুকান্ত ভবনে সম্মেলনটি অনুষ্ঠিত হয়। এদিনের সম্মেলনে সরকারি কর্মচারীদের মহার্ঘ ভাতা প্রদানের ক্ষেত্রে রাজ্য সরকারের উদাসীনতা তুলে ধরেন বক্তারা।

# করব, করছি মনোভাব

অভাব-অভিযোগ, চাওয়াপাওয়ার আশাতেই জনপ্রতিনিধি নির্বাচন করেন এলাকাবাসী। তাঁদের সমস্যা এবং সেসব সমাধানের উপায় খুঁজতে জনপ্রতিনিধিদের কাছে জনতার প্রশ্নের তালিকা নিয়ে **উত্তরবঙ্গ সংবাদ**

**জনতার চার্জশিট**

## সাহাপুর গ্রাম পঞ্চায়েত





**মাম্পি সাহা দাস**
প্রধান, সাহাপুর গ্রাম পঞ্চায়েত

**জনতা : সাহাপুর পঞ্চায়েতের বেশ কিছু সংসদে নিকাশি সমস্যা রয়েছে। সমস্যা সমাধানে কী কী উদ্যোগ নেওয়া হচ্ছে?**

**প্রধান :** এর জন্য বালা সাহাপুর, ৩ নম্বর কলোনি, নাগেশ্বরপুর সহ বেশ কিছু সংসদে নতুন ড্রেন তৈরি হয়েছে। তবে পঞ্চায়েতের পক্ষে হাইড্রেন তৈরি করা সম্ভব নয়। এর জন্য আমরা জেলা পরিষদকে প্রস্তাব পাঠিয়েছি।

**জনতা : বাইপাসের জন্য সরকার সাহাপুরের কৃষিজমি অধিগ্রহণ করেছিল। বাইপাস তৈরি হয়েছে। অথচ বাইপাসের জন্য হেক্টর হেক্টর কৃষিজমিতে জল জমছে। চাষ আবাদ হচ্ছে না। বর্ষার সময় জমি থেকে জল বের করে দেওয়ার জন্য কী পদক্ষেপ করা হচ্ছে?**

**প্রধান :** এটা বড় প্রকল্প। পঞ্চায়েতের পক্ষে এই কাজ সম্ভব নয়। তবে কৃষিজমি রক্ষা করা অত্যন্ত জরুরি। আমরা বিষয়টি ইতিমধ্যে জেলা প্রশাসনের নজরে এনেছি।

**জনতা : সাহাপুর পঞ্চায়েতে একের পর এক আম বাগান ধ্বংস হয়ে যাচ্ছে। গাছ কাটা বন্ধ করতে আপনার পঞ্চায়েতের তরফে কী পদক্ষেপ করা হয়েছে?**

**প্রধান :** প্রথমেই জানিয়ে রাখা ভালো, পঞ্চায়েত থেকে গাছ কাটার অনুমতি দেওয়া হয় না। শুধু সুপারিশ করি। সেই সব গাছ, যে সব গাছ থেকে কোনওভাবেই ফল পাওয়া যাবে না। তবে কোন বাগান বা কারও বাড়ির জমির গাছ কাটার যোগ্য কি না সেটা খতিয়ে দেখেন পঞ্চায়েতের শিল্প পরিকাঠামো সঞ্চালক।

**জনতা : পঞ্চায়েতের সাফাই ব্যবস্থার ওপর কতটুকু জোর দেওয়া হচ্ছে?**

**প্রধান :** নিয়মিত রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়। সাফাইকর্মীরা নিকাশিনালা, আবর্জনা পরিষ্কার করে নির্দিষ্ট জায়গায় নিয়ে যান। সাফাই ব্যবস্থা নিয়ে কোনও সমস্যা নেই।

**জনতা : পঞ্চায়েত এলাকায় সুষ্ঠু নিকাশি ব্যবস্থা না থাকায় জমা জলে মশার লার্ভা জন্ম নিচ্ছে। যে কারণে ডেঙ্গি সহ পতঙ্গবাহিত রোগের আশঙ্কা করা হচ্ছে। এজন্য পঞ্চায়েত থেকে কী পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে?**

**প্রধান :** ডেঙ্গি সহ পতঙ্গবাহিত রোগ মোকাবিলার জন্য নিয়মিত ভেক্টর সারভেলান্স টিম নজরদারি করে থাকে। পরবর্তীতে পঞ্চায়েতের তরফে পদক্ষেপ করা হয়ে থাকে।

**জনতা : ভাঙন একটা বড় সমস্যা। প্রতি বছর বর্ষায় পাড়ে ধস নামে। এতে কৃষি ও বাস্তুজমি নদী গর্ভে যাওয়ার আশঙ্কা করা হচ্ছে। পঞ্চায়েতের তরফে এব্যাপারে কী উদ্যোগ নেওয়া হচ্ছে?**

**প্রধান :** ছাতিয়ান মোড় মৌজার ডোপপাড়া সংলগ্ন এলাকায় একটা সমস্যা রয়েছে। নদীতে জলস্তর বাড়লে অস্থায়ী বাঁধ দেওয়া হয়।

**জনতা : বিভিন্ন সংসদে পথবাতি নেই। সমস্যা সমাধানে আপনারা কতটুকু উদ্যোগী?**

**প্রধান :** রাজ্য সরকারের পঞ্চদশ অর্থ কমিশনের প্রকল্পে আমরা সোলার লাইট বসাচ্ছি। প্রতি সংসদে সোলার সিস্টেম লাইট বসানো হয়েছে।

**একনজরে**

**ব্লক :** পুরাতন মালদা
**মোট সংসদ :** ৩০
**জনসংখ্যা :** ৫১, ৫১৮ হাজার
**মোট আয়তন :** ২৬.৪৪৫ বর্গ কিলোমিটার।

**জনতা : পানীয় জলের সমস্যা মেটাতে পঞ্চায়েত কী কী পদক্ষেপ নিচ্ছে?**

**প্রধান :** জল জীবন মিশনের আওতায় প্রতিটি গ্রাম চলে এসেছে। বাড়ি বাড়ি পানীয় জলের সংযোগ দেওয়া হচ্ছে। কাজ চলছে। পরিষেবা সম্পূর্ণরূপে চালু হয়নি। শান্তিপুর এবং সদরঘাটে দুটি ওভারহেড তৈরি হচ্ছে। ওভারহেড তৈরি হয়ে গেলে বাড়ি বাড়ি পানীয় জল দেওয়া সম্ভব হবে।

## বিষপানের ১২ দিন পর মৃত্যু

**বুনিয়াদপুর, ৯ মার্চ :** বিষপান করায় দীর্ঘ ১২ দিন চিকিৎসাধীন থাকার পর রবিবার মৃত্যু হল এক তরুণের। মৃত তরুণের নাম গোপাল হাজরা (৩৮)। বাড়ি বুনিয়াদপুর পুরসভার দক্ষিণপাড়ায়। পেশায় বিএলআরও অফিসের মুহুরি ছিলেন। এদিন বংশীহারী শ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

পরিবার সূত্রে জানা গিয়েছে, গত ২৪ ফেব্রুয়ারি রাতে ঘাস মারার বিষ পান করেন গোপাল। বিষয়টি জানাজানি হতেই তাঁকে প্রথমে রশিদপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে সেখান থেকে গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতালে তাঁকে স্থানান্তর করা হয়। কিন্তু তিনদিন পরেই চিকিৎসকরা তাঁকে মালদা মেডিকেলে ভর্তির পরামর্শ দেন। কয়েকদিন চিকিৎসাধীন থাকার পর শনিবার তিনি মারা যান।

## মেধা অন্বেষণের পুরস্কার বিতরণ

**বুনিয়াদপুর, ৯ মার্চ :** রবিবার বুনিয়াদপুরের সুকান্ত ভবনে সিস্টার নিবেদিতা ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে দক্ষিণ দিনাজপুর জেলা মেধা অন্বেষণ পুরস্কার বিতরণ অনুষ্ঠান হল। গত ২০২৪ সালের ১ সেপ্টেম্বর জেলার মোট ১৬টি পরীক্ষাকেন্দ্রে এই মেধা অন্বেষণের পরীক্ষা হয়। পরীক্ষায় জেলার ২৮০০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন। মেধার ভিত্তিতে ছাত্রছাত্রীদের বেছে নিয়ে প্রত্যেকে ফাউন্ডেশনের পক্ষ থেকে স্মারক, মেডেল এবং শংসাপত্র তুলে দেওয়া হয়।

বংশীহারীর সিস্টার নিবেদিতা ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সম্পাদক দেবব্রত সরকার বলেন, '২২০ জন ছাত্রছাত্রীকে সংস্থার পক্ষ থেকে পুরস্কৃত করা হয়। পড়ুয়াদের উৎসাহ দিতেই মেধা অন্বেষণ পরীক্ষার আয়োজন করা হয়।'

## পি সেন ট্রফিতে প্রদুন্য

**গঙ্গারামপুর, ৯ মার্চ :** সিএবি পরিচালিত আসন্ন পি সেন ট্রফি ক্রিকেটে 'কম্বাইন্ড ডিস্ট্রিক্ট ইলেভেন' দলে সুযোগ পেলেন গঙ্গারামপুরের অলরাউন্ডার প্রদূন্য সরকার। দক্ষিণ দিনাজপুর জেলা থেকে একমাত্র তিনিই এবছর সুযোগ পেয়েছেন। ডানহাতি টপ অর্ডার ব্যাটসম্যান এবং অফ স্পিন বোলার প্রদূন্য সরকার বর্তমানে কলকাতার বেহালা ফ্রেন্ডস ইউনিয়ন ক্লাবের হয়ে ক্রিকেট খেলেন।

## ২৫টি সোলার লাইট উদ্বোধন

**গঙ্গারামপুর, ৯ মার্চ :** কেন্দ্রীয় মন্ত্রী তথা বালুরঘাট লোকসভাকেন্দ্রের সাংসদ সুকান্ত মজুমদারের কালদিঘি এলাকায় ৫১৩ জাতীয় সড়কের দুপাশে ২৫টি সোলার লাইটের উদ্বোধন করেন বৃহস্পতিবার। সাংসদ কোটার প্রায় ১০ লক্ষ টাকা ব্যয় করে গঙ্গারামপুর হাসপাতাল মোড় থেকে দমদমা পঞ্চায়েত পর্যন্ত ২৫টি সোলার লাইটের উদ্বোধন করা হয়। কালদিঘি রাধাগোবিন্দ মন্দির সংলগ্ন এলাকায় উদ্বোধনী অনুষ্ঠান করা হয়।

# উত্তরের চিকিৎসায় বাকি শুধু রবে ভস্মরাশি

*প্রথম পাতার পর*

তকমা জুটতে পারে। কিন্তু না বললেই নয়, রাষ্ট্র নিয়ন্ত্রিত স্বাস্থ্য ব্যবস্থায় শুধুমাত্র প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা নয়, সর্বোচ্চ পর্যায়ের চিকিৎসা পরিষেবা প্রদান করা যে সম্ভব, ওরা সেটা দেখিয়েছে। সর্বজনীন স্বাস্থ্যের মূল সমস্যাগুলিকে যদি অনুধাবন না করা যায়, প্রতিষেধক ও প্রাথমিক স্বাস্থ্যের উপাদানগুলিকে যদি জনগণের স্বাস্থ্য সুরক্ষায় নিয়োজিত না করা যায়, তাহলে মধ্যবর্তী ও সর্বোচ্চ স্তরের হাসপাতালগুলির উপর বেশি চাপ তৈরি হবেই। ভিড় দেখে, সচ্ছল মানুষেরা নাক সিঁটকে যাবেন বেসরকারি হাসপাতালে। যাঁরা পারবেন না, ভবিতব্য মেনে, মৃত্যুর জন্য অপেক্ষারত থাকবেন। ভোট আসবে, ভোট যাবে। আর এই অপেক্ষমাণ মানুষেরা ভেবে যাবেন, "হয়তো একদিন......"।

এই মুহূর্তে এ রাজ্যে সুপারস্পেশালিটি হাসপাতালের সংখ্যা ৪২। সরকারি মেডিকেল কলেজ ২৬। সংখ্যা দুটো দেখে আনন্দিত হচ্ছেন কি? তার আগে একটু তলিয়ে দেখুন। এই হাসপাতালগুলি থেকে, তথাকথিত 'উন্নততর' হাসপাতালে রোগী রেফারের সংখ্যা, বীতশ্রদ্ধ রোগীদের বেসরকারি হাসপাতালে, স্থানান্তরিত হওয়ার অনুপাতটা কত সে খবর নিন। তাহলেই সরকারি পরিষেবার কঙ্কালসার চেহারাটা ফুটে উঠবে।

এ তো গেল, রাজ্যের চিকিৎসাকেন্দ্রগুলির দুরবস্থা। সূক্ষ্ম বিশ্লেষণে না গিয়েও বলা যায়, এটাই সরকারি স্বাস্থ্য ব্যবস্থার জাতীয় চিত্র। ক্রমতালিকায় আমরা একটু নীচের দিকে, এই যা। কিন্তু এ রাজ্যে কিছু অনন্য বৈশিষ্ট্য আছে। যা আন্তর্জাতিক স্তরে আজ চর্চার বিষয়। অভয়া কাণ্ডের পর প্রকাশ্যে এসেছে সেই ভয়াল দুর্নীতি আর অব্যবস্থার নগ্ন আখ্যান। উত্তরবঙ্গের মাথা হেঁট করা 'নর্থবেঙ্গল লবি। হুমকি-সংস্কৃতির নামে, চিকিৎসক ও ছাত্রদের উপর শাসক অনুগত কর্তাব্যক্তিদের আস্ফালনের নানা চিত্র। পাশ-ফেল নির্ধারিত হচ্ছে, শাসকের প্রতি আনুগত্যের ভিত্তিতে। জ্ঞান ও মেধা সেখানে অপ্রাসঙ্গিক। আনুগত্যই পাশের চাবিকাঠি। এই স্বল্প কিন্তু অতীব ক্ষমতাশালীদের হাতে ভবিষ্যৎ রোগীদের তত্ত্বাবধানের ভার থাকলে চিকিৎসা পরিষেবা ভবিষ্যতে কোন অতল গহ্বরে নিমজ্জিত হবে, ভাবতেও ভয় করে। আর যে সব চিকিৎসক, স্বাস্থ্যকর্মীরা কিছু স্বপ্ন, কিছু সদিচ্ছা নিয়ে এই পেশায় এসেছিলেন, তাঁরাও ভাবতে শুরু করেছেন, কিছুই হয়তো পালটাবে না। কাউন্সিল নির্বাচনে শাসকদলের বিরুদ্ধে প্রার্থী হলে যদি বদলি হতে হয়, প্রতিবাদী হলে কী অবস্থা হবে সহজেই অনুমেয়। অতএব, যা চলছে চলুক, আমরা শুধু স্রোতে ভেসে থাকি। এই চিত্রকল্প যদি প্রবহমান থাকে, বলতে বাধা নেই, 'নাট্যের কবররূপে বাকি শুধু রবে ভস্মরাশি।'

এসবের মধ্যেও কিছু আলোর দিশা আছে। এক স্বাস্থ্য প্রশাসককে জানি। বিগত দশ বছরে সাতবার বদলি হয়েছেন। অষ্টম বদলির জন্য অপেক্ষমাণ। কারণ, এরা বড় বেয়াড়া। নেতাদের উপেক্ষা, এমনকি প্রতিবাদের সাহস পর্যন্ত দেখায়। মাথা কাটতে পারলেই ভালো হত। নিদেনপক্ষে ছাঁটাই। কিন্তু কী সব গণতন্ত্র, সরকারি নিয়মনীতি আছে। সেসব করা মুশকিল। তাই ঘনঘন বদলি। এমন লোকও আছেন জেলায় জেলায়। সংখ্যায় কম হলেও আছেন। এঁদের দিকে তাকিয়েই তাই আশায় বুক বাঁধি। ভস্ম থেকে ফিনিক্স পাখি হয়তো একদিন জেগে উঠবে, আগামীর ভোরবেলায়।

# সিরিয়ায় সংঘর্ষ, মৃত হাজারের বেশি

*প্রথম পাতার পর*

সেখানে বিদ্যুৎ ও জল সরবরাহ ব্যবস্থা ভেঙে পড়েছে। রাস্তায় রাস্তায় দু'পক্ষের মধ্যে গুলির লড়াই চলছে। নানা জায়গায় মৃতদেহের স্তূপ নজরে এসেছে। স্থানীয় সংবাদমাধ্যম সূত্রে খবর, সিরিয়ার সংখ্যালঘু সম্প্রদায় আলাউইতের সদস্য বাসার আল আসাদ। তিনি ক্ষমতাচ্যুত হলেও আলাউইতরা এখনও আসাদ পরিবারের অনুগত। বিপরীতে সিরিয়ান সুন্নিরা বিদ্রোহী গোষ্ঠীর সমর্থক। এই দুই গোষ্ঠীর দ্বন্দ্ব সংঘাতের তীব্রতা বৃদ্ধি করেছে। তবে নিহত সাধারণ বাসিন্দাদের মধ্যে আলাউইত সম্প্রদায়ের মানুষের সংখ্যা বেশি বলে সিরিয়ান অবজারভেটরি জানিয়েছে।

**একনজরে**

- সিরিয়ায় সদ্য ক্ষমতা দখল করা বিদ্রোহী জোটের সঙ্গে সংঘর্ষ আসাদ অনুগামীদের
- দু'পক্ষের লড়াইয়ে হাজারের বেশি মানুষ প্রাণ হারিয়েছেন
- আসাদ পরিবারের শক্তঘাঁটি জাবলেহে একজনকে গ্রেপ্তার করতে গিয়েছিল সরকারি বাহিনী। সেই অভিযানকে কেন্দ্র করে সংঘর্ষ ছড়িয়েছে
- নিহতদের মধ্যে ১২৫ জন নিরাপত্তা বাহিনীর সদস্য

